

# তথ্য পুস্তিকা

এখানে মূল ইংরেজি ইনফর্মেশন বুলেটিনের মুখ্য অংশ বাংলায় ভাষান্তর করা হয়েছে। কিন্তু যদি ইংরেজি ও বাংলা অনুবাদটির মধ্যে কোন অংশে ভাব, বোধ বা অর্থের অসঙ্গতি দেখা যায় তাহলে ইংরেজি অনুলিপিটিকেই মুখ্য ও যথাযথ বলে গণ্য করা হবে।

ইঞ্জিনিয়ারিং, টেকনোলজি, ফার্মাসি এবং আর্কিটেকচার ইত্যাদি স্নাতক স্তরে ভর্তির জন্য  
সাধারণ প্রবেশিকা পরীক্ষা ডাব্লু বি জে ই ই-২০২৩

(WBJEE-2023)

পরীক্ষার তারিখ

৩০.০৪.২০২৩ (রবিবার)

(অনিবার্য কারণে পরীক্ষার সময়সূচীর পরিবর্তন হতে পারে)



পশ্চিমবঙ্গ জয়েন্ট এন্ট্রান্স এক্সামিনেশনস বোর্ড

ডিবি - ১১৮, সেক্টর - ১, সল্টলেক

কোলকাতা - ৭০০০৬৪

১৮০০-১০২৩-৭৮ ১, ১৮০০-১২৩-৪৭৮২ (এক্সটেনশন নং - ২)

পরীক্ষায় আবেদন করার আগে প্রার্থী যেন  
অবশ্যই তথ্য পুস্তিকাটি মনোযোগ সহকারে  
পড়ে নেয়।

| <b>ডাব্লু বি জে ই ই -২০২৩ অনলাইন আবেদনের জন্য গুরুত্বপূর্ণ নির্দেশাবলী</b>  |  |
|---|--|
| <p>একবার কোন আবেদন অনলাইনে প্রাপ্ত হলে এমনটাই ধরে নেওয়া হবে যে সংশ্লিষ্ট প্রার্থী তথ্য পুস্তিকা এবং এই বোর্ড দ্বারা প্রকাশিত সমস্ত বিজ্ঞপ্তিতে উল্লেখিত যাবতীয় শর্ত ও নিয়মাবলী, বিধি ও নির্দেশিকা মেনে চলতে আগ্রহী।</p> <p style="text-align: center;"><b>এই তথ্য পুস্তিকায় দেওয়া শর্ত ও নিয়মাবলী অনুসরণ না করলে দরখাস্ত বাতিল করা হবে।</b></p> |  |
| 1.  | শুধুমাত্র অনলাইনেই পরীক্ষার জন্য আবেদন করতে হবে। কোনো ছাপানো আবেদনপত্রে আবেদনের ব্যবস্থা নেই।  |
| 2.  | কেবলমাত্র <a href="http://www.wbjeeb.nic.in">www.wbjeeb.nic.in</a> ওয়েবসাইটে অনলাইনে আবেদনপত্র পূরণ করতে হবে।   |
| 3.  | কোনো প্রার্থী একাধিক আবেদনপত্র জমা করতে পারবে না।  |
| 4.  | <p><b>প্রার্থীর একটি কার্যকরী মোবাইল নম্বর এবং একটি কার্যকরী ইমেইল আইডি থাকা বাধ্যতামূলক।</b></p> <p>পরবর্তী সকল যোগাযোগ/ নির্দেশ/ তথ্য রেজিস্ট্রার্ড মোবাইল নম্বর এবং ইমেইল আইডিতে পাঠানো হবে। বোর্ড কোনভাবেই মোবাইল নম্বর এবং/অথবা ইমেইল আইডি ভুল/ বিদ্যমান নয়/ কার্যকরী নয়/ পরবর্তিত অথবা নেটওয়ার্ক অব্যবস্থার কারণে কোন সংবাদ না পাওয়ার জন্য দায়ী থাকবে না।</p>   |
| 5.  | <p>যদি একবার রেজিস্ট্রেশন ডাটা অর্থাৎ, নাম, পিতার নাম, মাতার নাম, লিঙ্গ, ডোমিসাইল এবং জন্ম তারিখ লিপিবদ্ধ এবং দাখিল করা হয় তাহলে এই তথ্য কোন পরিস্থিতিতে পরিবর্তন বা সংশোধন করা যাবে না।</p> <p>এছাড়াও, প্রার্থীর পরীক্ষা কেন্দ্রে ঢোকানোর সময় বা কাউন্সেলিং অথবা ভর্তির সময় এবং বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রেশনের সময় যে তথ্যগুলি দেওয়া হবে (যথা: স্কুল/কলেজের অ্যাডমিট কার্ড, মার্কশিট, সার্টিফিকেট, ফটো আইডেন্টিটি কার্ড, কাষ্ট/ ক্যাটাগরি/ আয়/ আর্থিকভাবে দুর্বল শ্রেণি ইত্যাদি) সেগুলি যেন আবেদনপত্র পূরণ করার সময় সঠিক ভাবে লেখা হয়।</p>  |
| 6.  | অ্যাপ্লিকেশন নম্বর; পাসওয়ার্ড, security question/ answer অন্য কাউকেই জানানো যাবে না এবং গোপন রাখতে হবে। এই তথ্যগুলি ভুল বশত প্রকাশ করার ফলে যদি কোন নেতিবাচক পরিণতি হয়, বোর্ড তার জন্যে কোন ভাবেই দায়ী থাকবে না।  |
| 7.  | তথ্য পুস্তিকায় প্রদত্ত নির্দেশনা অনুযায়ী ছবি এবং স্বাক্ষর স্ক্যান করে আপলোড করতে হবে। যদি কোন প্রার্থী ছবি/ স্বাক্ষরে ত্রুটি ও অমিল সম্পর্কে কোন এসএমএস/ ইমেইল পান, তাহলে তাকে অবশ্যই একদিনের মধ্যে সংশোধনী ব্যবস্থা নিতে হবে। যদি এই ছবিগুলো গ্রহণযোগ্য না হয় তাহলে অ্যাডমিট কার্ড দেওয়া হবে না।  |
| 8.  | আবেদনপত্রে প্রদত্ত নাম, পিতার নাম, মাতার নাম, লিঙ্গ, ডোমিসাইল এবং জন্ম তারিখ ব্যতীত অন্যান্য, তথ্য যদি সংশোধন করতে হয়, তাহলে সেগুলি শুধুমাত্র কারেকশান পিরিয়ডের মধ্যে প্রার্থী দ্বারাই করা সম্ভব। কারেকশান পিরিয়ডের পরে কোন সংশোধন অনুমোদন করা হবে না।  |
| 9.  | <p>শুধুমাত্র নেট ব্যাংকিং/ ডেবিট কার্ড/ ক্রেডিট কার্ড/ UPI দ্বারা পরীক্ষার ফী দেওয়া যাবে।</p> <p><b>এসসি/ এসটি/ ওবিসি-এ/ ওবিসি-বি প্রার্থীদের জন্য পরীক্ষার ফী ৪০০/- টাকা ( চার শত টাকা মাত্র) এবং অন্যান্য প্রার্থীদের জন্য ৫০০/- টাকা (পাঁচ শত টাকা মাত্র) প্রযোজ্য কোন প্রকার ব্যাঙ্ক চার্জ প্রযোজ্য হলে তাও দিতে হবে।</b></p> <p>এসসি/ এসটি/ ওবিসি-এ/ ওবিসি-বি প্রার্থীদের তার সংশ্লিষ্ট জাতিগত সংশাপত্র কাউন্সেলিং-এর সময় আপলোড করতে হবে তবে সে আবেদন মূল্যে ছাড় পাবে অন্যথায় প্রার্থীর প্রার্থীপদ বাতিল হয়ে যাবে।</p> <p><b>একবার জমা দেওয়া ফী কোন পরিস্থিতিতে ফেরত যোগ্য নয়।</b></p> <p>পেমেন্ট ফেইলিয়ার এড়াতে পরীক্ষার ফী জমা দেবার জন্য শেষ দিনের জন্য অপেক্ষা করবেন না।</p> |

|     |  |
|-----|--|
| 10. | কনফার্মেশন পেজের কপি, অ্যাডমিট কার্ডের কপি নিরাপদ হেফাজতে রাখুন।   |
| 11. | প্রার্থীদের বোর্ডের ওয়েবসাইট (www.wbjeeb.nic.in/ wbjeeb.in) নিয়মিত ভাবে দেখতে অনুরোধ করা হচ্ছে।  |
| 12. | <ul style="list-style-type: none"> <li>কোন প্রার্থী পরীক্ষায় বসলেই এবং রায় প্রাপ্ত হলেই যে তার ভর্তির প্রক্রিয়া সম্পন্ন হবে তার গ্যারান্টি নেই।</li> <li>কাউন্সেলিং প্রক্রিয়ার জন্য প্রযোজ্য নিয়ম এ্যালোটমেন্ট ও ভর্তির যোগ্যতা নির্ধারিত করবে।</li> <li>সরকার ও রেগুলেটরি বোর্ড এবং বিভিন্ন বিশ্ববিদ্যালয় ও কলেজ দ্বারা জারি করা ভর্তি সংক্রান্ত সাম্প্রতিকতম নিয়মাবলীর অবগতির জন্য ও প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতা সম্পর্কে যে কোন তথ্যের জন্য সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয়/ কলেজ/ রেগুলেটরি বোর্ড এবং ওয়েস্ট বেঙ্গল জয়েন্ট এন্ট্রান্স এক্সামিনেশনস বোর্ড -এর ওয়েবসাইট প্রার্থীদের নিয়মিত ভাবে দেখতে অনুরোধ করা হচ্ছে।</li> <li>কোন প্রার্থী কোন নতুন তথ্য সম্পর্কে নিয়মিত নিজেকে সচেতন রাখতে ব্যর্থ হলে বোর্ড কোন ভাবেই দায়ী থাকবে না।</li> </ul> |
| 13. | <p>পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রশ্নের জন্য, যোগাযোগ করুন:</p> <p style="text-align: center;">কন্ট্রোলার অফ এক্সামিনেশনস<br/>ওয়েস্ট বেঙ্গল এন্ট্রান্স এক্সামিনেশনস বোর্ড<br/>ডিবি - ১১৮, সেক্টর - ১, সলটলেক, কোলকাতা - ৭০০০৬৪<br/>পরীক্ষা হেল্পডেস্ক:- ১৮০০-১০২৩-৭৮১<br/>১৮০০-১২৩-৪৭৮২ (এক্সটেনশন নং - ২)<br/>ইমেইল: info@wbjeeb.in</p>   |

| অনুচ্ছেদ | বিষয়বস্তু   | পৃষ্ঠা |
|----------|--|--------|
| 1.0      | ভূমিকা   | 7      |
| 2.0      | ওয়েস্ট বেঙ্গল জয়েন্ট এন্ট্রান্স এক্সামিনেশন-২০২৩ (WBJEE-2023)  | 7      |
| 2.1      | WBJEE-২০২৩ এর সময়সূচী   | 7      |
| 2.2      | পেপার এবং র‍্যাঙ্ক   | 7      |
| 2.3      | WBJEE-২০২৩ -এর প্রশ্নপত্রের ধরণ  | 8      |
| 2.4      | পরীক্ষার সিলেবাস   | 8      |
| 2.5      | পরীক্ষায় উত্তর দেওয়ার পদ্ধতি   | 8      |
| 2.6      | নম্বর দেওয়ার পদ্ধতি   | 9      |
| 2.7      | ক্রম পদ্ধতি ও মেধা তালিকার প্রকাশনা  | 9      |
| 2.8      | মেরিট র‍্যাঙ্ক অনুযায়ী টাই-ব্রেকিং পদ্ধতির সংকল্প   | 10     |
| 2.8.1    | জিএমআর -এর জন্য টাই-ব্রেকিং নিয়মাবলি  | 10     |
| 2.8.2    | পিএমআর -এর জন্য টাই-ব্রেকিং নিয়মাবলি  | 10     |
| 2.8.3    | জিএমআর এবং পিএমআর -এর জন্য চূড়ান্ত টাই-ব্রেকিং নিয়মাবলি  | 11     |
| 2.9      | পরীক্ষার নিয়মাবলী   | 11     |
| 3.0      | যোগ্যতা এবং শিক্ষাগত যোগ্যতা   | 11     |
| 3.1      | WBJEE- ২০২৩-এ পরীক্ষা দেওয়ার যোগ্যতা  | 11     |
| 3.2      | ভর্তির জন্য শিক্ষাগত যোগ্যতার মাপকাঠি  | 11     |
| 3.2.1    | ইঞ্জিনিয়ারিং/ টেকনোলজি কোর্সে ভর্তির জন্য সাধারণ যোগ্যতা  | 11     |
| 3.2.2    | ফার্মাসি কোর্সে ভর্তির জন্য সাধারণ যোগ্যতা   | 12     |
| 3.2.3    | পাঁচ বছরের আর্কিটেকচার ডিগ্রি কোর্সে ভর্তির জন্য সাধারণ যোগ্যতা  | 12     |
| 3.2.4    | মেরিন ইঞ্জিনিয়ারিং কোর্সে ভর্তির জন্য সাধারণ যোগ্যতা  | 12     |
| 3.2.5    | মাইনিং ইঞ্জিনিয়ারিং কোর্সে ভর্তির জন্য সাধারণ যোগ্যতা   | 13     |
| 3.2.6    | নথিপত্র যাচাই  | 13     |
| 3.3      | বিশেষ যোগ্যতা  | 13     |
| 3.3.1    | কোলকাতা বিশ্ববিদ্যালয়   | 13     |
| 3.3.2    | যাদবপুর বিশ্ববিদ্যালয়   | 13     |
| 3.3.3    | ওয়েস্ট বেঙ্গল ইউনিভার্সিটি অফ অ্যানিমাল অ্যান্ড ফিসারী সায়েন্স (ডেয়ারী টেকনোলজিতে বি. টেক) এবং বিধান চন্দ্র কৃষি বিশ্ব বিদ্যালয় (এগ্রিকালচারাল ইঞ্জিনিয়ারিং -এ বি. টেক) | 14     |
| 3.3.4    | নেওটিয়া বিশ্ববিদ্যালয়  | 14     |
| 3.3.5    | আলিয়া বিশ্ববিদ্যালয়  | 14     |
| 3.3.6    | সিস্টার নিবেদিতা বিশ্ববিদ্যালয়  | 15     |
| 3.3.7    | অ্যাডামাস বিশ্ববিদ্যালয়   | 15     |
| 3.3.8    | JIS বিশ্ববিদ্যালয়   | 15     |
| 3.4      | পশ্চিমবঙ্গের স্থায়ী বাসিন্দা হওয়ার প্রয়োজনীয়তা   | 16     |
| 3.4.1    | পশ্চিমবঙ্গের স্থায়ী বাসিন্দা হওয়ার যোগ্যতা এবং প্রযোজ্য সার্টিফিকেটের নমুনা  | 16     |
| 3.4.2    | ডোমিসাইল সার্টিফিকেট দেওয়ার জন্য উপযুক্ত কর্তৃপক্ষ  | 17     |
| 4.0      | সীট ম্যাট্রিক্স  | 18     |
| 5.0      | সংরক্ষিত শ্রেণির প্রার্থীদের জন্য আসন সংরক্ষণ  | 18     |
| 5.1      | এস সি/ এস টি/ ও বি সি-এ (NCL)/ ও বি সি-বি (NCL)/ পি ডব্লিউ ডি/ টি এফ ডব্লিউ প্রার্থীদের জন্য আসন সংরক্ষণ   | 18     |

|               |   |    |
|---------------|---|----|
| 5.2           | সংরক্ষিত শ্রেণির অধীনে এস সি/ এস টি সার্টিফিকেট দেওয়ার জন্য উপযুক্ত কর্তৃপক্ষ  | 18 |
| 5.3           | সংরক্ষিত শ্রেণির অধীনে দাবি করা প্রার্থীদের জন্য ওবিসি-এ (NCL)/ ওবিসি-বি (NCL) সার্টিফিকেট দেওয়ার জন্য উপযুক্ত কর্তৃপক্ষ | 18 |
| 5.4           | প্রতিবন্ধী (পি ডব্লিউ ডি) প্রার্থীদের জন্য আসন সংরক্ষণ  | 19 |
| 5.5           | প্রতিবন্ধী প্রার্থীদের পরীক্ষায় বসার জন্য বিশেষ সুবিধা   | 19 |
| 5.6           | প্রতিরক্ষাকর্মীদের সন্তানদের জন্য ভর্তির আসন সংরক্ষণ (ডিফেন্স কোটা আসন)   | 19 |
| 5.7           | JEE(Main)2023 মেধাতালিকাভুক্ত পড়ুয়াদের জন্য আসন সংরক্ষণ   | 20 |
| 6.0           | টিউশান ফী ওয়েভার (টি এফ ডব্লিউ) স্কিম  | 20 |
| 6.1           | টিউশান ফী ওয়েভার (টি এফ ডব্লিউ) স্কিমের অধীনে উপলব্ধ আসন   | 20 |
| 6.2           | টি এফ ডব্লিউ স্কিমের অধীনে আসনপ্রাপ্তিদের জন্য ইনকাম সার্টিফিকেট দাখিল  | 20 |
| 7.0           | আইনি এজিয়ার  | 21 |
| 8.0           | আবেদনপত্র জমা ও পরীক্ষার ফী দেওয়ার পদ্ধতি  | 21 |
| 8.1           | রেজিস্ট্রেশন  | 21 |
| 8.2           | অ্যাপ্লিকেশন ফর্ম ফিলাপ   | 21 |
| 8.3           | ছবি আপলোড করা   | 21 |
| 8.4           | পরীক্ষার ফী   | 22 |
| 8.5           | কনফার্মেশন পেজ  | 22 |
| 8.6           | আবেদনপত্র সংশোধন  | 22 |
| 9.0           | অ্যাডমিট কার্ড  | 22 |
| 10.0          | পরীক্ষা কেন্দ্র বরাদ্দ  | 22 |
| 11.0          | মূল্যায়ন ও ফলাফল ঘোষণা   | 22 |
| 12.0          | নথি সংক্রান্ত সাধারণ নিয়মাবলী  | 23 |
| 13.0          | কাউন্সেলিং/ সীট বরাদ্দ এবং ভর্তি  | 24 |
| পরিশিষ্ট - ১  | ডেমিসাইল সার্টিফিকেটের প্রোফর্মা 'a1'   | 25 |
| পরিশিষ্ট - ২  | ডেমিসাইল সার্টিফিকেটের প্রোফর্মা 'a2'   | 26 |
| পরিশিষ্ট - ৩  | ডেমিসাইল সার্টিফিকেটের প্রোফর্মা 'b'  | 27 |
| পরিশিষ্ট - ৪  | ইনকাম সার্টিফিকেটের প্রোফর্মা   | 28 |
| পরিশিষ্ট - ৫  | পরীক্ষায় লেখার জন্য শারীরিক সীমাবদ্ধতা সম্পর্কিত সার্টিফিকেট   | 29 |
| পরিশিষ্ট - ৬  | নিজস্ব লেখক ব্যবহারের জন্য অঙ্গীকারপত্র   | 30 |
| পরিশিষ্ট - ৭  | পরীক্ষার সিলেবাস  | 31 |
| পরিশিষ্ট - ৮  | পরীক্ষার নিয়মাবলী  | 39 |
| পরিশিষ্ট - ৯  | পরীক্ষার অঞ্চল  | 41 |
| পরিশিষ্ট - ১০ | নির্দিষ্ট অক্ষমতা   | 43 |
| পরিশিষ্ট - ১১ | একাডেমিক সেশন ২০২৩-২৪ -এর জন্য ডিফেন্স কোটা সীট   | 45 |

| 1.0  | <b>ভূমিকা</b>   |                          |              |          |                        |                   |                          |  |   |                          |
|--|---|--------------------------|--------------|----------|------------------------|-------------------|--------------------------|--|---|--------------------------|
|  | <p><b>ওয়েস্ট বেঙ্গল জয়েন্ট এন্ট্রান্স এক্সামিনেশন্স বোর্ড</b></p> <p>ভারতীয় সংবিধানের ১৬২ নম্বর ধারার অধীনে ০২.০৩.১৯৬২ তারিখে মেমো নং- 828-Edn(T) অনুযায়ী পশ্চিমবঙ্গ সরকার দ্বারা ১৯৬২ সালে ওয়েস্ট বেঙ্গল জয়েন্ট এন্ট্রান্স এক্সামিনেশন্স বোর্ড (ডাবলু বি জে ই ই বি) গঠিত হয়।</p> <p>পরবর্তীতে ২০১৪ সালে West Bengal Act XIV অনুযায়ী <b>ওয়েস্ট বেঙ্গল জয়েন্ট এন্ট্রান্স এক্সামিনেশন্স বোর্ডকে</b> (এরপরে 'বোর্ড' হিসাবে উল্লেখ করা হবে) Statutory Body হিসেবে স্বীকৃতি দেওয়া হয় এবং বোর্ডকে স্নাতক এবং স্নাতকোত্তর স্তরে বিভিন্ন পেশাদারী এবং বৃত্তিমূলক কোর্সে ভর্তির জন্য সাধারণ প্রবেশিকা পরীক্ষা পরিচালনা করা এবং সিঙ্গেল-ইউনডো পদ্ধতিতে অনলাইন কাউন্সেলিং পরিচালনা করার দায়িত্ব দেওয়া হয়।</p> <p>বোর্ড ২০১২ সাল থেকে কেন্দ্রীয় অনলাইন পদ্ধতিতে নিরপেক্ষ, স্বচ্ছ ও তুলনামূলকভাবে কাউন্সেলিং এবং আসন বন্টন করে আসছে।</p> |                          |              |          |                        |                   |                          |  |   |                          |
| 2.0  | <p><b>ওয়েস্ট বেঙ্গল জয়েন্ট এন্ট্রান্স এক্সামিনেশন্স-২০২৩ (WBJEE-2023)</b></p> <p>২০২৩-২৪ শিক্ষাবর্ষে ইঞ্জিনিয়ারিং/ টেকনোলজি, ফার্মাসি এবং আর্কিটেকচার ইত্যাদি স্নাতক স্তরের কোর্সে পশ্চিমবঙ্গের বিভিন্ন বিশ্ববিদ্যালয়, সরকারী কলেজ ও সেলফ ফাইন্যান্স ইঞ্জিনিয়ারিং/ টেকনোলজিকাল প্রতিষ্ঠানে ভর্তির জন্য ডাবলু বি.জে.ই.ই.বি বোর্ড কমন এন্ট্রান্স এক্সামিনেশন্স-২০২৩ (WBJEE-2023) শীর্ষক ওএমআর (OMR) ভিত্তিক সাধারণ প্রবেশিকা পরীক্ষা পরিচালনা করবে।</p>  |                          |              |          |                        |                   |                          |  |   |                          |
| 2.1  | <p><b>WBJEE-২০২৩ এর সময়সূচী</b></p> <table border="1" data-bbox="284 1368 1437 1697"> <thead> <tr> <th>পরীক্ষার তারিখ</th> <th>পেপার/ বিষয়</th> <th>সময়সূচী</th> </tr> </thead> <tbody> <tr> <td>৩০.০৪.২০২৩<br/>(রবিবার)</td> <td>প্রথম পত্র (গণিত)</td> <td>সকাল ১১টা হইতে দুপুর ১টা</td> </tr> <tr> <td>(অনিবার্য কারণে পরীক্ষার সময়সূচী পরিবর্তন হতে পারে)</td> <td>দ্বিতীয় পত্র (পদার্থবিদ্যা এবং রসায়ন)</td> <td>দুপুর ২টা হইতে বিকেল ৪টা</td> </tr> </tbody> </table> <p>WBJEE-২০২৩ পরীক্ষাটি শুধুমাত্র একবার অনুষ্ঠিত হবে এবং যারা উপরোক্ত তারিখ এবং সময়ে উপস্থিত হতে পারবেনা তাদের জন্য কোন পরিস্থিতিতে আর কোন পরীক্ষা নেওয়া হবে না।</p>  | পরীক্ষার তারিখ           | পেপার/ বিষয় | সময়সূচী | ৩০.০৪.২০২৩<br>(রবিবার) | প্রথম পত্র (গণিত) | সকাল ১১টা হইতে দুপুর ১টা | (অনিবার্য কারণে পরীক্ষার সময়সূচী পরিবর্তন হতে পারে) | দ্বিতীয় পত্র (পদার্থবিদ্যা এবং রসায়ন) | দুপুর ২টা হইতে বিকেল ৪টা |
| পরীক্ষার তারিখ                                       | পেপার/ বিষয়  | সময়সূচী                 |              |          |                        |                   |                          |  |   |                          |
| ৩০.০৪.২০২৩<br>(রবিবার)                               | প্রথম পত্র (গণিত)   | সকাল ১১টা হইতে দুপুর ১টা |              |          |                        |                   |                          |  |   |                          |
| (অনিবার্য কারণে পরীক্ষার সময়সূচী পরিবর্তন হতে পারে) | দ্বিতীয় পত্র (পদার্থবিদ্যা এবং রসায়ন)   | দুপুর ২টা হইতে বিকেল ৪টা |              |          |                        |                   |                          |  |   |                          |
| 2.2  | <p><b>পেপার এবং র‍্যাঙ্ক</b></p> <ul style="list-style-type: none"> <li>প্রথম পত্র ও দ্বিতীয় পত্রে পরীক্ষায় বসা প্রার্থীরা জেনারেল মেরিট র‍্যাঙ্ক (GMR) ও ফার্মাসি মেরিট র‍্যাঙ্ক (PMR) উভয়ের জন্য যোগ্য। সেই সব প্রার্থীরা সমস্ত কোর্সে ভর্তির জন্য বিবেচিত হবে।</li> <li>কেবলমাত্র দ্বিতীয় পত্রে পরীক্ষায় বসা প্রার্থীরা কেবলমাত্র PMR র‍্যাঙ্কের জন্য যোগ্য। সেই সব প্রার্থীরা কেবলমাত্র ফার্মাসি কোর্সে ভর্তির জন্য বিবেচিত হবে (যাদবপুর বিশ্ববিদ্যালয় ছাড়া)।</li> <li>কেবলমাত্র প্রথম পত্রে পরীক্ষায় বসা প্রার্থীরা কোন র‍্যাঙ্কের জন্য যোগ্য নয়।</li> </ul>  |                          |              |          |                        |                   |                          |  |   |                          |

| 2.3          | <p><b>WBJEE-২০২৩ -এর প্রশ্নপত্রের ধরণ</b></p> <p>সকল প্রশ্ন মাল্টিপল চয়েস প্রশ্ন (এমসিকিউ) হবে, প্রত্যেক প্রশ্নের চারটি বিকল্প উত্তর থাকবে। প্রত্যেকটি বিষয়ের জন্য তিন প্রকার প্রশ্ন থাকবে। প্রশ্নের সংখ্যা ও সর্বোচ্চ নম্বরের বিভাজন নিম্নলিখিত তালিকা অনুযায়ী হবে :</p> <table border="1" data-bbox="284 398 1428 985"> <thead> <tr> <th>বিষয়</th> <th>প্রথম প্রকার<br/>প্রত্যেক প্রশ্নের<br/>জন্য ১ নম্বর<br/>(প্রতিটি ভুল<br/>উত্তরের জন্য<br/>১/৪ নম্বর<br/>কাটা যাবে)</th> <th>দ্বিতীয় প্রকার<br/>প্রত্যেক প্রশ্নের<br/>জন্য ২ নম্বর<br/>(প্রতিটি ভুল<br/>উত্তরের জন্য<br/>১/২ নম্বর<br/>কাটা যাবে)</th> <th>তৃতীয় প্রকার<br/>প্রত্যেক প্রশ্নের<br/>জন্য ২ নম্বর<br/>(ভুল হলে<br/>কোন নম্বর<br/>কাটা যাবে না)</th> <th>মোট প্রশ্নের<br/>সংখ্যা</th> <th>মোট নম্বর</th> </tr> </thead> <tbody> <tr> <td></td> <td>প্রশ্নের সংখ্যা</td> <td>প্রশ্নের সংখ্যা</td> <td>প্রশ্নের সংখ্যা</td> <td></td> <td></td> </tr> <tr> <td>গণিত</td> <td>৫০</td> <td>১৫</td> <td>১০</td> <td>৭৫</td> <td>১০০</td> </tr> <tr> <td>পদার্থবিদ্যা</td> <td>৩০</td> <td>৫</td> <td>৫</td> <td>৪০</td> <td>৫০</td> </tr> <tr> <td>রসায়ন</td> <td>৩০</td> <td>৫</td> <td>৫</td> <td>৪০</td> <td>৫০</td> </tr> </tbody> </table> | বিষয়   | প্রথম প্রকার<br>প্রত্যেক প্রশ্নের<br>জন্য ১ নম্বর<br>(প্রতিটি ভুল<br>উত্তরের জন্য<br>১/৪ নম্বর<br>কাটা যাবে) | দ্বিতীয় প্রকার<br>প্রত্যেক প্রশ্নের<br>জন্য ২ নম্বর<br>(প্রতিটি ভুল<br>উত্তরের জন্য<br>১/২ নম্বর<br>কাটা যাবে) | তৃতীয় প্রকার<br>প্রত্যেক প্রশ্নের<br>জন্য ২ নম্বর<br>(ভুল হলে<br>কোন নম্বর<br>কাটা যাবে না) | মোট প্রশ্নের<br>সংখ্যা | মোট নম্বর |  | প্রশ্নের সংখ্যা | প্রশ্নের সংখ্যা | প্রশ্নের সংখ্যা |  |  | গণিত | ৫০ | ১৫ | ১০ | ৭৫ | ১০০ | পদার্থবিদ্যা | ৩০ | ৫ | ৫ | ৪০ | ৫০ | রসায়ন | ৩০ | ৫ | ৫ | ৪০ | ৫০ |
|--------------|---|---|--|---|--|------------------------|-----------|--|-----------------|-----------------|-----------------|--|--|------|----|----|----|----|-----|--------------|----|---|---|----|----|--------|----|---|---|----|----|
| বিষয়        | প্রথম প্রকার<br>প্রত্যেক প্রশ্নের<br>জন্য ১ নম্বর<br>(প্রতিটি ভুল<br>উত্তরের জন্য<br>১/৪ নম্বর<br>কাটা যাবে)  | দ্বিতীয় প্রকার<br>প্রত্যেক প্রশ্নের<br>জন্য ২ নম্বর<br>(প্রতিটি ভুল<br>উত্তরের জন্য<br>১/২ নম্বর<br>কাটা যাবে) | তৃতীয় প্রকার<br>প্রত্যেক প্রশ্নের<br>জন্য ২ নম্বর<br>(ভুল হলে<br>কোন নম্বর<br>কাটা যাবে না)                 | মোট প্রশ্নের<br>সংখ্যা  | মোট নম্বর  |                        |           |  |                 |                 |                 |  |  |      |    |    |    |    |     |              |    |   |   |    |    |        |    |   |   |    |    |
|              | প্রশ্নের সংখ্যা   | প্রশ্নের সংখ্যা   | প্রশ্নের সংখ্যা  |   |  |                        |           |  |                 |                 |                 |  |  |      |    |    |    |    |     |              |    |   |   |    |    |        |    |   |   |    |    |
| গণিত         | ৫০  | ১৫  | ১০   | ৭৫  | ১০০  |                        |           |  |                 |                 |                 |  |  |      |    |    |    |    |     |              |    |   |   |    |    |        |    |   |   |    |    |
| পদার্থবিদ্যা | ৩০  | ৫   | ৫  | ৪০  | ৫০   |                        |           |  |                 |                 |                 |  |  |      |    |    |    |    |     |              |    |   |   |    |    |        |    |   |   |    |    |
| রসায়ন       | ৩০  | ৫   | ৫  | ৪০  | ৫০   |                        |           |  |                 |                 |                 |  |  |      |    |    |    |    |     |              |    |   |   |    |    |        |    |   |   |    |    |
| 2.4          | <p>.....</p> <p><b>পরীক্ষার সিলেবাস:</b> WBJEE-২০২৩ পরীক্ষার জন্য বিষয় ভিত্তিক সিলেবাস পরিশিষ্ট-7 -এ দেওয়া আছে।</p>   |   |  |   |  |                        |           |  |                 |                 |                 |  |  |      |    |    |    |    |     |              |    |   |   |    |    |        |    |   |   |    |    |
| 2.5          | <p><b>পরীক্ষায় উত্তর দেওয়ার পদ্ধতি</b></p> <ul style="list-style-type: none"> <li>বিশেষভাবে তৈরি করা অপটিক্যাল মেশিন রিডেবল রেসপন্স (ওএম আর) শীটে প্রশ্নের উত্তর দিতে হবে, যা বিশেষ (অপটিক্যাল মার্ক শনাক্তকরণ) পদ্ধতি দ্বারা মূল্যায়ন করা হবে। সুতরাং, উত্তর চিহ্নিত করার সঠিক পদ্ধতি অনুসরণ করা অত্যন্ত গুরুত্বপূর্ণ।</li> <li>প্রতিটি প্রশ্নের জন্য চারটি বিকল্প উত্তর থাকবে। প্রার্থীরা নীল অথবা কালো কালীর বল পয়েন্ট কলম দিয়ে যথাযথ বৃত্তকে পুরোপুরি ভরাট করে প্রশ্নের উত্তর দেবে।</li> <li>অন্য যে কোন ধরনের চিহ্ন যেমন, বৃত্ত অসম্পূর্ণভাবে পূরণ, পেন্সিলের দাগ, ক্রস মার্ক, টিক চিহ্ন, ডট মার্ক, বৃত্তাকার চিহ্ন, ওভার রাইটিং, স্ক্র্যাচ, মুছে ফেলা, সাদা কালি, বৃত্তের বাইরে চিহ্নিত করা ইত্যাদির ফলে মেশিন ভুল ভাবে/ আংশিক ভাবে/ দ্ব্যর্থহীন ভাবে উত্তর পড়তে পারে। এর ফলে মূল্যায়নে ভুল হতে পারে এবং এর ফলে OMR টি বাতিল হবে। বোর্ড কোনভাবেই এই ধরনের উত্তরের ভুল মূল্যায়নের জন্য দায়ী হবে না।</li> <li>কোন উত্তর একবার ভুল দেওয়া হলে পরবর্তী ক্ষেত্রে তা মুছে ফেলা বা পরিবর্তন করা যাবে না।</li> </ul>   |   |  |   |  |                        |           |  |                 |                 |                 |  |  |      |    |    |    |    |     |              |    |   |   |    |    |        |    |   |   |    |    |



| <p>2.6</p>                           | <p><b>নম্বর দেওয়ার পদ্ধতি</b></p> <table border="1" data-bbox="379 264 1398 1243"> <thead> <tr> <th data-bbox="379 264 560 315">প্রশ্নের প্রকার</th> <th data-bbox="560 264 1398 315">নম্বর দেওয়ার পদ্ধতি</th> </tr> </thead> <tbody> <tr> <td data-bbox="379 315 560 595"> <p><b>প্রথম প্রকার প্রশ্ন</b></p> </td> <td data-bbox="560 315 1398 595"> <p>a) শুধুমাত্র একটি বিকল্প সঠিক।<br/>                     b) সঠিক উত্তরে ১ (এক) নম্বর পাবে।<br/>                     c) প্রতিটি ভুল উত্তরে ১/৪ নম্বর কাটা যাবে।<br/>                     d) সঠিক উত্তর সহ একাধিক বিকল্প চিহ্নিত করলে সেটি ভুল উত্তর বলে বিবেচিত হবে এবং ১/৪ নম্বর কাটা যাবে।<br/>                     e) কোন প্রশ্নের উত্তর না দিলে সেক্ষেত্রে শূন্য (০) নম্বর পাবে।</p> </td> </tr> <tr> <td data-bbox="379 595 560 871"> <p><b>দ্বিতীয় প্রকার প্রশ্ন</b></p> </td> <td data-bbox="560 595 1398 871"> <p>a) শুধুমাত্র একটি বিকল্প সঠিক।<br/>                     b) সঠিক উত্তরে ২ (দুই) নম্বর পাবে।<br/>                     c) প্রতিটি ভুল উত্তরে ১/২ নম্বর কাটা যাবে।<br/>                     d) সঠিক উত্তর সহ একাধিক বিকল্প চিহ্নিত করলে সেটি ভুল উত্তর বলে বিবেচিত হবে এবং ১/২ নম্বর কাটা যাবে।<br/>                     e) কোন প্রশ্নের উত্তর না দিলে সেক্ষেত্রে শূন্য (০) নম্বর পাবে।</p> </td> </tr> <tr> <td data-bbox="379 871 560 1243"> <p><b>তৃতীয় প্রকার প্রশ্ন</b></p> </td> <td data-bbox="560 871 1398 1243"> <p>a) একটি অথবা একের অধিক বিকল্প সঠিক।<br/>                     b) সঠিক উত্তরে ২ (দুই) নম্বর পাবে।<br/>                     c) যেকোন ভুল উত্তরসহ একাধিক উত্তরের ক্ষেত্রে সম্পূর্ণ উত্তরটি ভুল হিসাবে বিবেচনা করা হবে এবং সেক্ষেত্রে শূন্য (০) নম্বর পাবে এমনকি এক অথবা একাধিক বিকল্প সঠিক হলেও।<br/>                     d) কোন ভুল বিকল্প চিহ্নিত না করে আংশিক সঠিক উত্তরের ক্ষেত্রে প্রাপ্ত নম্বর = ২ × (চিহ্নিত সঠিক উত্তরের সংখ্যা / মোট সঠিক উত্তরের সংখ্যা)।<br/>                     e) কোন প্রশ্নের উত্তর না দিলে সেক্ষেত্রে শূন্য (০) নম্বর পাবে।</p> </td> </tr> </tbody> </table> <p>.....</p> | প্রশ্নের প্রকার | নম্বর দেওয়ার পদ্ধতি | <p><b>প্রথম প্রকার প্রশ্ন</b></p> | <p>a) শুধুমাত্র একটি বিকল্প সঠিক।<br/>                     b) সঠিক উত্তরে ১ (এক) নম্বর পাবে।<br/>                     c) প্রতিটি ভুল উত্তরে ১/৪ নম্বর কাটা যাবে।<br/>                     d) সঠিক উত্তর সহ একাধিক বিকল্প চিহ্নিত করলে সেটি ভুল উত্তর বলে বিবেচিত হবে এবং ১/৪ নম্বর কাটা যাবে।<br/>                     e) কোন প্রশ্নের উত্তর না দিলে সেক্ষেত্রে শূন্য (০) নম্বর পাবে।</p> | <p><b>দ্বিতীয় প্রকার প্রশ্ন</b></p> | <p>a) শুধুমাত্র একটি বিকল্প সঠিক।<br/>                     b) সঠিক উত্তরে ২ (দুই) নম্বর পাবে।<br/>                     c) প্রতিটি ভুল উত্তরে ১/২ নম্বর কাটা যাবে।<br/>                     d) সঠিক উত্তর সহ একাধিক বিকল্প চিহ্নিত করলে সেটি ভুল উত্তর বলে বিবেচিত হবে এবং ১/২ নম্বর কাটা যাবে।<br/>                     e) কোন প্রশ্নের উত্তর না দিলে সেক্ষেত্রে শূন্য (০) নম্বর পাবে।</p> | <p><b>তৃতীয় প্রকার প্রশ্ন</b></p> | <p>a) একটি অথবা একের অধিক বিকল্প সঠিক।<br/>                     b) সঠিক উত্তরে ২ (দুই) নম্বর পাবে।<br/>                     c) যেকোন ভুল উত্তরসহ একাধিক উত্তরের ক্ষেত্রে সম্পূর্ণ উত্তরটি ভুল হিসাবে বিবেচনা করা হবে এবং সেক্ষেত্রে শূন্য (০) নম্বর পাবে এমনকি এক অথবা একাধিক বিকল্প সঠিক হলেও।<br/>                     d) কোন ভুল বিকল্প চিহ্নিত না করে আংশিক সঠিক উত্তরের ক্ষেত্রে প্রাপ্ত নম্বর = ২ × (চিহ্নিত সঠিক উত্তরের সংখ্যা / মোট সঠিক উত্তরের সংখ্যা)।<br/>                     e) কোন প্রশ্নের উত্তর না দিলে সেক্ষেত্রে শূন্য (০) নম্বর পাবে।</p> |
|--------------------------------------|--|-----------------|----------------------|-----------------------------------|---|--------------------------------------|--|------------------------------------|--|
| প্রশ্নের প্রকার                      | নম্বর দেওয়ার পদ্ধতি   |                 |                      |                                   |   |                                      |  |                                    |  |
| <p><b>প্রথম প্রকার প্রশ্ন</b></p>    | <p>a) শুধুমাত্র একটি বিকল্প সঠিক।<br/>                     b) সঠিক উত্তরে ১ (এক) নম্বর পাবে।<br/>                     c) প্রতিটি ভুল উত্তরে ১/৪ নম্বর কাটা যাবে।<br/>                     d) সঠিক উত্তর সহ একাধিক বিকল্প চিহ্নিত করলে সেটি ভুল উত্তর বলে বিবেচিত হবে এবং ১/৪ নম্বর কাটা যাবে।<br/>                     e) কোন প্রশ্নের উত্তর না দিলে সেক্ষেত্রে শূন্য (০) নম্বর পাবে।</p>  |                 |                      |                                   |   |                                      |  |                                    |  |
| <p><b>দ্বিতীয় প্রকার প্রশ্ন</b></p> | <p>a) শুধুমাত্র একটি বিকল্প সঠিক।<br/>                     b) সঠিক উত্তরে ২ (দুই) নম্বর পাবে।<br/>                     c) প্রতিটি ভুল উত্তরে ১/২ নম্বর কাটা যাবে।<br/>                     d) সঠিক উত্তর সহ একাধিক বিকল্প চিহ্নিত করলে সেটি ভুল উত্তর বলে বিবেচিত হবে এবং ১/২ নম্বর কাটা যাবে।<br/>                     e) কোন প্রশ্নের উত্তর না দিলে সেক্ষেত্রে শূন্য (০) নম্বর পাবে।</p>   |                 |                      |                                   |   |                                      |  |                                    |  |
| <p><b>তৃতীয় প্রকার প্রশ্ন</b></p>   | <p>a) একটি অথবা একের অধিক বিকল্প সঠিক।<br/>                     b) সঠিক উত্তরে ২ (দুই) নম্বর পাবে।<br/>                     c) যেকোন ভুল উত্তরসহ একাধিক উত্তরের ক্ষেত্রে সম্পূর্ণ উত্তরটি ভুল হিসাবে বিবেচনা করা হবে এবং সেক্ষেত্রে শূন্য (০) নম্বর পাবে এমনকি এক অথবা একাধিক বিকল্প সঠিক হলেও।<br/>                     d) কোন ভুল বিকল্প চিহ্নিত না করে আংশিক সঠিক উত্তরের ক্ষেত্রে প্রাপ্ত নম্বর = ২ × (চিহ্নিত সঠিক উত্তরের সংখ্যা / মোট সঠিক উত্তরের সংখ্যা)।<br/>                     e) কোন প্রশ্নের উত্তর না দিলে সেক্ষেত্রে শূন্য (০) নম্বর পাবে।</p>   |                 |                      |                                   |   |                                      |  |                                    |  |
| <p>2.7</p>                           | <p><b>র‍্যাঙ্কিং পদ্ধতি ও মেধা তালিকা</b></p> <p>বোর্ড এই পরীক্ষায় প্রার্থীদের সাধারণ প্রবেশিকা পরীক্ষায় প্রাপ্ত নম্বরের উপর ভিত্তি করে মেধাতালিকা প্রস্তুত করবে। প্রত্যেক প্রার্থীরা নিজস্ব র‍্যাঙ্ক দেখতে পাবে এবং র‍্যাঙ্ক কার্ড ডাউনলোড করতে পারবেন। র‍্যাঙ্ক কার্ডে প্রাপ্ত নম্বর এবং র‍্যাঙ্ক উল্লেখিত থাকবে। প্রার্থীর গোপনীয়তা নিশ্চিত করার জন্য বোর্ড কোন র‍্যাঙ্ক/ স্কোর লিষ্ট প্রকাশ করে না।</p> <p>প্রার্থীর উত্তর দেওয়া পেপার (বিষয়) ও প্রাপ্ত নম্বরের উপর ভিত্তি করে, নিম্নলিখিত পদ্ধতিতে দুটি ভিন্ন মেরিট র‍্যাঙ্ক প্রকাশিত হয়:</p> <p><b>A. জেনারেল মেরিট র‍্যাঙ্ক: (জিএমআর)</b></p> <p>a) প্রথম ও দ্বিতীয় পত্রে প্রাপ্ত মোট নম্বরের উপর ভিত্তি করে জেনারেল মেরিট র‍্যাঙ্ক (জিএমআর) নির্ণয় করা হবে।</p> <p>b) প্রবেশিকা পরীক্ষায় সমস্ত বিষয়ে প্রাপ্ত মোট নম্বরের অধঃক্রম অনুযায়ী র‍্যাঙ্কিং করা হবে। একাধিক প্রার্থীর একই নম্বর প্রাপ্ত হলে, অনুচ্ছেদ ২.৮ -এ প্রদত্ত টাই-ব্রেকিং নিয়ম প্রযোজ্য হবে।</p> <p>c) সংরক্ষিত শ্রেণির যেমন: এস সি, এস টি, ও বি সি-এ, ও বি সি-বি, পি ডব্লিউ ডি ও টি এফ ডব্লিউ ইত্যাদি প্রার্থীদের ক্ষেত্রে তাদের নিজস্ব শ্রেণীর মধ্যেও র‍্যাঙ্ক দেওয়া হবে যা কেবলমাত্র প্রার্থীর অবগতির জন্য।</p>   |                 |                      |                                   |   |                                      |  |                                    |  |

|              |   |
|--------------|---|
|              | <p>d) যাদবপুর বিশ্ববিদ্যালয়ে ইঞ্জিনিয়ারিং/ টেকনোলজি/ আর্কিটেকচার এবং ফার্মাসি কোর্সে ভর্তি কেবলমাত্র জিএমআর -এর ভিত্তিতেই হবে।</p> <p>e) শুধুমাত্র জিএমআর (সংরক্ষিত শ্রেণির র‍্যাঙ্ক নয়) -এর উপর ভিত্তি করে কাউন্সেলিং/ সীট এ্যালোটমেন্ট/ অ্যাডমিশন করা হবে। সংরক্ষিত শ্রেণী র‍্যাঙ্ক শুধুমাত্র প্রার্থীদের শ্রেণীগত তথ্যের জন্য।</p> <p><b>B. ফার্মাসি মেরিট র‍্যাঙ্ক: (পিএমআর)</b></p> <p>a) কেবলমাত্র দ্বিতীয় পত্রে অর্থাৎ পদার্থবিদ্যা এবং রসায়ন -এর প্রাপ্ত নম্বরের উপর ভিত্তি করে ফার্মাসি মেরিট র‍্যাঙ্ক (পিএমআর) দেওয়া হবে।</p> <p>b) প্রবেশিকা পরীক্ষায় পদার্থবিদ্যা এবং রসায়ন বিষয়ে স্কোর করা মার্কসের অধঃক্রমে র‍্যাঙ্কিং করা হবে। প্রার্থীর একই নম্বর প্রাপ্ত হলে, অনুচ্ছেদ ২.৮ -এ প্রদত্ত টাই-ব্রেকিং নিয়ম প্রযোজ্য হবে।</p> <p>c) সংরক্ষিত শ্রেণির যেমন: এস সি, এস টি, ও বি সি-এ, ও বি সি-বি, পি ডব্লিউ ডি ও টি এফ ডব্লিউ ইত্যাদি প্রার্থীদের ক্ষেত্রে তাদের নিজস্ব শ্রেণীর মধ্যেও র‍্যাঙ্ক দেওয়া হবে।</p> <p>d) যাদবপুর বিশ্ববিদ্যালয় ছাড়া ফার্মাসি কোর্সে ভর্তি পিএমআর -এর ভিত্তিতেই হবে।</p> <p>e) শুধুমাত্র পিএমআর (সংরক্ষিত শ্রেণির র‍্যাঙ্ক নয়) -এর উপর ভিত্তি করে কাউন্সেলিং/ সীট এ্যালোটমেন্ট/ অ্যাডমিশন করা হবে। সংরক্ষিত শ্রেণী র‍্যাঙ্ক শুধুমাত্র প্রার্থীদের শ্রেণীগত তথ্যের জন্য।</p> <p><b>C. অনলাইন আবেদনের সময় প্রার্থীদের দেওয়া সংরক্ষিত শ্রেণী তথ্যের উপর ভিত্তি করে সংরক্ষিত শ্রেণী র‍্যাঙ্ক তৈরি করা হয়, কিন্তু তথ্যগুলি কাউন্সেলিং -এর সময় অ্যালোটেড ইন্সটিটিউট দ্বারা যাচাই করা হয়। সেক্ষেত্রে, প্রার্থীর দেওয়া তথ্য/ সার্টিফিকেটগুলি নথি যাচাইয়ের দিনে বৈধ হতে হবে। যদি নথি যাচাইয়ের সময়, কোন প্রার্থীর দাবি অবৈধ প্রমাণিত হয়, তাহলে তার সংরক্ষিত শ্রেণির র‍্যাঙ্ক বাতিল করা হবে এবং প্রার্থীকে সাধারণ শ্রেণীতে বিবেচনা করা হবে। অন্যান্য প্রার্থীদের সংরক্ষিত শ্রেণির র‍্যাঙ্ক সংশোধন করা হবে না।</b></p> |
| <p>2.8</p>   | <p>মেরিট র‍্যাঙ্ক দেওয়ার জন্য টাই-ব্রেকিং পদ্ধতি</p>   |
| <p>2.8.1</p> | <p><b>জিএমআর -এর জন্য টাই-ব্রেকিং নিয়মাবলি</b></p> <p>a) গণিত, পদার্থবিদ্যা এবং রসায়নের মিলিত ভাবে কম ভুল উত্তর।</p> <p>b) গণিত এবং পদার্থবিদ্যার মিলিত ভাবে বেশি সঠিক উত্তর।</p> <p>c) গণিত এবং রসায়নের মিলিত ভাবে বেশি সঠিক উত্তর।</p> <p>d) গণিত এবং পদার্থবিদ্যার মিলিত ভাবে কম ভুল উত্তর।</p> <p>e) গণিত এবং রসায়নের মিলিত ভাবে কম ভুল উত্তর।</p> <p>f) কেবলমাত্র ২ নম্বরের প্রশ্নের জন্য গণিতে বেশি সঠিক উত্তর।</p> <p>g) কেবলমাত্র ২ নম্বরের প্রশ্নের জন্য পদার্থবিদ্যায় বেশি সঠিক উত্তর।</p> <p>h) কেবলমাত্র ২ নম্বরের প্রশ্নের জন্য রসায়নে বেশি সঠিক উত্তর।</p> <p>i) কেবলমাত্র ২ নম্বরের প্রশ্নের জন্য গণিতে কম ভুল উত্তর।</p> <p>j) কেবলমাত্র ২ নম্বরের প্রশ্নের জন্য পদার্থবিদ্যায় কম ভুল উত্তর।</p>   |
| <p>2.8.2</p> | <p><b>পিএমআর -এর জন্য টাই-ব্রেকিং নিয়মাবলি</b></p> <p>a) পদার্থবিদ্যা এবং রসায়নের মিলিত ভাবে কম ভুল উত্তর।</p> <p>b) রসায়নে বেশি সঠিক উত্তর।</p> <p>c) রসায়নে কম ভুল উত্তর।</p> <p>d) কেবলমাত্র ২ নম্বরের প্রশ্নের জন্য রসায়নে বেশি সঠিক উত্তর।</p>  |

|       |   |
|-------|---|
|       | <p>e) কেবলমাত্র ২ নম্বরের প্রশ্নের জন্য রসায়নে কম ভুল উত্তর।</p> <p>f) কেবলমাত্র ২ নম্বরের প্রশ্নের জন্য পদার্থবিদ্যায় বেশি সঠিক উত্তর।</p> <p>g) কেবলমাত্র ২ নম্বরের প্রশ্নের জন্য পদার্থবিদ্যায় কম ভুল উত্তর।</p>  |
| 2.8.3 | <p><b>জিএমআর এবং পিএমআর -এর জন্য চূড়ান্ত টাই-ব্রেকিং নিয়মাবলি</b></p> <p>2.8.1 এবং 2.8.2 অনুচ্ছেদে বর্ণিত পদ্ধতি প্রযোজ্য হওয়ার পর ও যদি টাই থাকে তাহলে বয়সে বড়ো প্রার্থী আগে সুযোগ পাবে। তার পরেও নিষ্পত্তি না হলে আবেদনপত্রের ক্রমিক সংখ্যার ক্রম অনুসারে নিষ্পত্তি হবে অর্থাৎ আগে আবেদন করা প্রার্থী আগে সুযোগ পাবে।</p>  |
| 2.9   | <p><b>পরীক্ষার নিয়মাবলি:</b> পরীক্ষার সময় যে নিয়ম অনুসরণ করা হবে তা পরিশিষ্ট-৮ এ দেওয়া হয়েছে।</p>  |
| 3.0   | <p><b>শিক্ষাগত যোগ্যতা এবং অন্যান্য যোগ্যতা</b></p>   |
| 3.1   | <p><b>WBJEE- ২০২৩-এ পরীক্ষা দেওয়ার যোগ্যতা</b></p> <p>a) নাগরিকত্ব: আবেদনকারীকে অবশ্যই ভারতের নাগরিক অথবা OCI (অন্যান্য উপযুক্ত কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে) হতে হবে। OCI প্রার্থীরা কেবলমাত্র সর্বভারতীয় কোর্টায় অসংরক্ষিত সীটের জন্যই যোগ্য।</p> <p>b) আবেদনকারীকে ২০২৩ সালের আগে (১০+২) সিস্টেমে দ্বাদশ শ্রেণীর অথবা ঐ সমতুল্য পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে অথবা ২০২৩ সালে ঐ পরীক্ষায় বসতে হবে।</p> <p>c) বয়সের সীমাবদ্ধতা:</p> <p>I. ৩১.১২.২০২৩-তারিখে সর্বনিম্ন বয়স সীমা ১৭ (সতেরো) বছর হতে হবে অর্থাৎ প্রার্থীকে ৩১.১২.২০০৬ তারিখে অথবা তার আগে জন্মগ্রহণ করতে হবে। পরীক্ষা দেওয়ার জন্য বয়সের কোন সর্বোচ্চ সীমা নেই।</p> <p>II. কিন্তু মেরিন ইঞ্জিনিয়ারিং কোর্স -এর ক্ষেত্রে ৩১.১২.২০২৩-তারিখে সর্বোচ্চ বয়স সীমা ২৫ বছর হতে হবে।</p>   |
| 3.2   | <p><b>ভর্তির জন্য শিক্ষাগত যোগ্যতার মাপকাঠি</b></p> <p>a) সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট হতে প্রাপ্ত সর্বশেষ যোগাযোগের ভিত্তিতে নীচের ধারাগুলি লিপিবদ্ধ করা হল।</p> <p>b) ভর্তি সময়ের আগে প্রার্থীদের নিজেদের সচেতনভাবে বিভিন্ন বিশ্ববিদ্যালয়, প্রতিষ্ঠান, সরকারী বিভাগ, নিয়ন্ত্রক সংস্থার ভর্তির নিয়ম কানূনের বিষয় জানতে হবে। প্রার্থীরা যদি সর্বশেষ ভর্তির নিয়মকানুনে অবগত না থাকে তবে তার জন্য বোর্ড কোনভাবেই দায়বদ্ধ থাকবে না।</p> <p>c) সংশ্লিষ্ট এই পুস্তিকায় প্রকাশিত কোন তথ্যের সংশোধন/ পরিবর্তন/ সংযোজন থাকলে উপযুক্ত কর্তৃপক্ষের নির্দেশ মোতাবেক তা বোর্ড কর্তৃক কাউন্সেলিং শুরুর আগে জানিয়ে দেওয়া হবে।</p>   |
| 3.2.1 | <p><b>ইঞ্জিনিয়ারিং/ টেকনোলজি কোর্সে ভর্তির জন্য সাধারণ যোগ্যতা</b></p> <p>3.3 অনুচ্ছেদে বিশেষ কোন যোগ্যতা বলা না থাকলে এই সাধারণ যোগ্যতাগুলি প্রযোজ্য হবে।</p> <p>a) প্রার্থীকে অবশ্যই (১০+২) পরীক্ষায় রেগুলার ক্লাস মোড পদ্ধতিতে বাধ্যতামূলক হিসাবে পদার্থবিদ্যা এবং গণিতের সহিত রসায়ন/ বায়োটেকনোলজি/ জীববিদ্যা/ কম্পিউটার সায়েন্স/ কম্পিউটার অ্যাপ্লিকেশন/ টেকনিকাল ভোকেশনাল বিষয় নিয়ে পাশ করতে হবে। প্রার্থীদের থিয়রী এবং প্র্যাকটিকাল/ প্রোজেক্টে (যেখানে প্রযোজ্য) আলাদা আলাদা ভাবে পাশ করতে হবে।</p> <p>b) প্রার্থীকে অবশ্যই উপরের তিনটি বিষয়ে এক সঙ্গে কমপক্ষে ৪৫ শতাংশ নম্বর (সংরক্ষিত শ্রেণির যেমন: এস সি, এস টি, ও বি সি-এ, ও বি সি-বি, এবং পি ডব্লিউ ডি প্রার্থীদের জন্য ৪০ শতাংশ নম্বর পেতে হবে) পেতে হবে।</p> <p>c) প্রার্থীকে অবশ্যই (১০+২) সিস্টেম দ্বাদশ শ্রেণীর পরীক্ষায় ইংরাজিতে কমপক্ষে ৩০ শতাংশ নম্বরের</p> |

|       |   |
|-------|---|
|       | <p>সহিত পাশ করতে হবে।</p> <p>d) যোগ্যতা নির্ণায়ক পরীক্ষার বোর্ডকে অবশ্যই কেন্দ্রীয় সরকার অথবা রাজ্য সরকারের দ্বারা স্বীকৃত হতে হবে।</p>   |
| 3.2.2 | <p><b>ফার্মাসি কোর্সে ভর্তির জন্য সাধারণ যোগ্যতা</b></p> <p>3.3 অনুচ্ছেদে বিশেষ কোন যোগ্যতা বলা না থাকলে এই সাধারণ যোগ্যতাগুলি প্রযোজ্য হবে।</p> <p>a) প্রার্থীকে অবশ্যই (১০+২) পরীক্ষায় পদার্থবিদ্যা এবং রসায়নের সহিত গণিত/ জীববিদ্যা হিসাবে যে কোন একটি বিষয় বাধ্যতামূলক হিসাবে আলাদা আলাদা ভাবে (উভয় থিয়রী এবং প্র্যাকটিকাল/ প্রোজেক্ট যেখানে প্রযোজ্য) পাশ নম্বরের সহিত পাশ করতে হবে।</p> <p>b) প্রার্থীকে অবশ্যই উপরের তিনটি বিষয়ে এক সঙ্গে কমপক্ষে ৪৫ শতাংশ নম্বর (সংরক্ষিত শ্রেণির যেমন: এস সি, এস টি, ও বি সি-এ, ও বি সি-বি, এবং পি ডব্লিউ ডি প্রার্থীদের জন্য ৪০ শতাংশ নম্বর পেতে হবে) পেতে হবে।</p> <p>c) প্রার্থীকে অবশ্যই (১০+২) পরীক্ষায় ইংরাজিতে কমপক্ষে ৩০ শতাংশ নম্বরের সহিত পাশ করতে হবে।</p> <p>d) যোগ্যতা নির্ণায়ক পরীক্ষার বোর্ডকে অবশ্যই কেন্দ্রীয় সরকার অথবা রাজ্য সরকারের দ্বারা স্বীকৃত হতে হবে।</p>   |
| 3.2.3 | <p><b>পাঁচ বছরের আর্কিটেকচার ডিগ্রি কোর্সে ভর্তির জন্য সাধারণ যোগ্যতা</b></p> <p>3.3 অনুচ্ছেদে বিশেষ কোন যোগ্যতা বলা না থাকলে এই সাধারণ যোগ্যতাগুলি প্রযোজ্য হবে।</p> <p>a) কাউন্সিল অফ আর্কিটেকচারের (COA) নিয়ম ও মান অনুযায়ী, কোন প্রার্থী আর্কিটেকচার কোর্সে ভর্তি হতে পারবে না যদি কি না সে (১০+২) পরীক্ষায় গণিত, রসায়ন এবং পদার্থবিদ্যা এই তিনটি বিষয়ে এক সঙ্গে কমপক্ষে ৫০ শতাংশ নম্বরের সহিত আলাদা আলাদা ভাবে এবং (১০+২) পরীক্ষায় এগ্রিগেটে ৫০ শতাংশের সহিত পাশ না করে।</p> <p>b) প্রার্থীকে অবশ্যই কাউন্সিল অফ আর্কিটেকচার (COA), নয়াদিল্লি দ্বারা পরিচালিত NATA (National Aptitude Test in Architecture) পরীক্ষায় পাশ করতে হবে। যদি, এই বিষয় পরবর্তীকালে COA/ NTA দ্বারা কোন বিজ্ঞপ্তি জারি হয়, তাহলে সেটিও প্রযোজ্য হবে।</p>   |
| 3.2.4 | <p><b>মেরিন ইঞ্জিনিয়ারিং কোর্সে ভর্তির জন্য সাধারণ যোগ্যতা</b></p> <p>3.3 অনুচ্ছেদে বিশেষ কোন যোগ্যতা বলা না থাকলে এই সাধারণ যোগ্যতাগুলি প্রযোজ্য হবে।</p> <p>a) ডিরেক্টর জেনারেল অফ সিপিং, ভারতীয় সরকারের নিয়ম এবং মান অনুযায়ী: প্রার্থীকে অবশ্যই (১০+২) পরীক্ষায় উচ্চ মাধ্যমিক শিক্ষা পর্ষদ অথবা ঐ সমতুল্য কোন পরিচিত কাউন্সিল/ বোর্ড থেকে রেগুলার ক্লাস মোড পদ্ধতিতে পাশ করতে হবে।</p> <p>b) পদার্থবিদ্যা, রসায়ন এবং গণিতে মিলিত ভাবে ৬০ শতাংশ নম্বরের সহিত আলাদা আলাদা বিষয়ে (উভয় থিয়রী এবং প্র্যাকটিকাল/ প্রোজেক্ট যেখানে প্রযোজ্য) পাশ করতে হবে।</p> <p>c) ইংরাজি বিষয়ে কমপক্ষে ৫০ শতাংশ নম্বরের সহিত মাধ্যমিক অথবা (১০+২) পরীক্ষায় পাশ করতে হবে।</p> <p><b>বিঃদ্রঃ :</b> ডিরেক্টর জেনারেল অফ সিপিং, ভারতীয় সরকারের নিয়ম ও মান অনুযায়ী ভর্তি প্রক্রিয়ার সময় কোন প্রতিষ্ঠানের মোট সীটের ২৫ শতাংশ সীট অবশ্যই পূরণ হতে হবে, অন্যথায় সেই বছরে সেই সেশনের জন্য কোর্সটি বজায় রাখা সম্ভব হবে না।</p> |

|              |   |
|--------------|---|
| <p>3.2.5</p> | <p><b>মাইনিং ইঞ্জিনিয়ারিং কোর্সে ভর্তির জন্য সাধারণ যোগ্যতা</b></p> <p>3.3 অনুচ্ছেদে বিশেষ কোন যোগ্যতা বলা না থাকলে এই সাধারণ যোগ্যতাগুলি প্রযোজ্য হবে।</p> <p>a) অনুচ্ছেদ 3.2.1 অনুযায়ী হতে হবে কিন্তু প্রার্থীর colour blindness/ uniocularity থাকলে সে যোগ্য হিসাবে বিবেচিত হবে না।</p>  |
| <p>3.2.6</p> | <p><b>নথিপত্র যাচাই</b></p> <p>a) প্রার্থী কর্তৃক প্রদত্ত তথ্যের উপর ভিত্তি করে পরীক্ষার জন্য অ্যাডমিট কার্ড বা র‍্যাঙ্ক কার্ড প্রদান করা হয়। অ্যালোটেড ইন্সটিটিউট দ্বারা কাউন্সেলিং চলাকালীন এবং তারপরে সমস্ত নথি যাচাই করা হয়। তাই প্রার্থীরা ধরে নিতে পারেন না যে অ্যাডমিট কার্ডে প্রদর্শিত ব্যক্তিগত তথ্য বোর্ড কর্তৃক গৃহীত/ অনুমোদিত।</p> <p>b) যদি অ্যালোটেড ইন্সটিটিউট দ্বারা ডকুমেন্ট যাচাইয়ের সময় দেখা যায় যে প্রার্থী কর্তৃক প্রদত্ত কোন তথ্য সঠিক নয় অথবা প্রার্থী যদি এর জন্য <b>সেই ভেরিফিকেশন তারিখে প্রদত্ত নিয়ম অনুযায়ী সঠিক</b> সার্টিফিকেট/ ডকুমেন্ট/ প্রমাণপত্র পেশ করতে অক্ষম হয়, তাহলে প্রার্থীর তথ্য সংশোধন করা হবে যার ফলে প্রার্থী কোন কোন কোর্সে/ সমস্ত কোর্সে/ সমস্ত সীটে ভর্তির যোগ্যতাও হারাতে পারে।</p> <p>c) একইভাবে, যদি কাউন্সেলিং চলাকালীন বা পরে কোন পর্যায়ে দেখা যায় যে প্রার্থী কর্তৃক প্রদত্ত তথ্য/ ডকুমেন্ট (গুলি) মিথ্যা/ ভুল হয়, তাহলে তার র‍্যাঙ্ক/ সীট অ্যালাটমেন্ট/ অ্যাডমিশন বাতিল হিসেবে বিবেচনা করা হবে। যদি কোনো প্রার্থী প্রয়োজনীয় মানদণ্ড প্রমাণ করতে ব্যর্থ হন তাহলে তার র‍্যাঙ্ক ভর্তির জন্য বিবেচিত হবে না।</p>              |
| <p>3.3</p>   | <p>সংশ্লিষ্ট কর্তৃপক্ষের কাছ থেকে পাওয়া নির্দিষ্ট কিছু বিশ্ববিদ্যালয়/ বিশ্ববিদ্যালয়ের বিভাগ/ প্রতিষ্ঠান অথবা কিছু নির্দিষ্ট কোর্সের <b>বিশেষ শিক্ষাগত যোগ্যতা</b> এই সেকশানে দেওয়া হল। এই অনুচ্ছেদে উল্লিখিত না হওয়া অন্যান্য সমস্ত প্রতিষ্ঠান এবং কোর্সের জন্য উপরে সেকশান 3.2-তে দেওয়া যোগ্যতা প্রযোজ্য হবে।</p>  |
| <p>3.3.1</p> | <p><b>কোলকাতা বিশ্ববিদ্যালয়</b></p> <p>ত) <b>জুট এবং ফাইবার টেকনোলজি ছাড়া অন্য সমস্ত উপলব্ধ কোর্স:</b> প্রার্থীকে (১০+২) অথবা সমতুল্য কোন পরীক্ষায় পরিচিত কাউন্সিল/ বোর্ড থেকে রেগুলার ক্লাস মোড পদ্ধতিতে বাধ্যতামূলক বিষয় হিসাবে গণিত, পদার্থবিদ্যা এবং রসায়ন তিনটি বিষয়ে একসঙ্গে কমপক্ষে ৬০ শতাংশ নম্বর (সংরক্ষিত শ্রেণির প্রার্থীদের জন্য গড় ৫৫ শতাংশ নম্বর পেতে হবে যেমন: এস সি, এস টি, ও বি সি-এ, ও বি সি-বি, এবং পি ডব্লিউ ডি) পেতে হবে এবং প্রার্থীকে উল্লিখিত তিনটি বিষয়ে আলাদা আলাদা ভাবে (উভয় থিয়রি এবং প্র্যাকটিকাল যেকোনো প্রযোজ্য) এবং ইংরাজিতে কমপক্ষে ৩০ শতাংশ নম্বরের সহিত পাশ করতে হবে।</p> <p>b) <b>জুট এবং ফাইবার টেকনোলজি:</b> প্রার্থীকে (১০+২) অথবা সমতুল্য কোন পরীক্ষায় স্বীকৃত কাউন্সিল/ বোর্ড থেকে রেগুলার ক্লাস মোড পদ্ধতিতে বাধ্যতামূলক বিষয় হিসাবে পদার্থবিদ্যা, গণিত এবং রসায়ন/ জৈবপ্রযুক্তি/ জীববিদ্যা তিনটি বিষয়ে একসঙ্গে কমপক্ষে ৬০ শতাংশ নম্বর পেতে হবে (সংরক্ষিত শ্রেণির প্রার্থীদের জন্য গড় ৫৫ শতাংশ নম্বর পেতে হবে যেমন: এস সি, এস টি, ও বি সি-এ, ও বি সি-বি, এবং পি ডব্লিউ ডি) এবং ইংরাজিতে কমপক্ষে ৩০ শতাংশ নম্বরের সহিত পাশ করতে হবে।</p> |
| <p>3.3.2</p> | <p><b>যাদবপুর বিশ্ববিদ্যালয়</b></p> <p>a) <b>ইঞ্জিনিয়ারিং/ টেকনোলজি এবং ফার্মাসি কোর্স:</b> প্রার্থীকে বিজ্ঞান বিভাগে রেগুলার ক্লাস মোড পদ্ধতিতে (১০+২) পরীক্ষা পশ্চিমবঙ্গ উচ্চমাধ্যমিক শিক্ষা সংসদ থেকে অথবা স্বীকৃত কাউন্সিল/</p>   |

|       |  |
|-------|--|
|       | <p>বোর্ড থেকে সমতুল্য কোন পরীক্ষা পাশ করতে হবে।</p> <p>i. প্রার্থীকে আবশ্যিক বিষয় হিসাবে পদার্থবিদ্যা, রসায়ন এবং গণিতে আলাদা আলাদা ভাবে (উভয় থিয়রি এবং প্র্যাকটিকাল যেখানে প্রযোজ্য) পাশ করতে হবে।</p> <p>ii. প্রার্থীকে উল্লিখিত পরীক্ষায় উপরের তিনটি বিষয়ে এক সঙ্গে কমপক্ষে ৬০ শতাংশ নম্বর (সংরক্ষিত শ্রেণির প্রার্থীদের জন্য গড় ৪৫ শতাংশ নম্বর পেতে হবে যেমন: এস সি, এস টি, ও বি সি-এ, ও বি সি-বি, এবং পি ডব্লিউ ডি) পেতে হবে এবং গণিতে ৬০ শতাংশ (এস সি, এস টি, ও বি সি-এ, ও বি সি-বি, এবং পি ডব্লিউ ডি) প্রার্থীদের জন্য ৪৫ শতাংশ নম্বর পেতে হবে) ও ইংরাজিতে কমপক্ষে ৩০ শতাংশ (সমস্ত প্রার্থীদের জন্য) নম্বরের সহিত পাশ করতে হবে।</p> <p>b) <b>আর্কিটেকচার কোর্স:</b> প্রার্থীকে সায়েন্স স্ট্রিমে রেগুলার ক্লাস মোড পদ্ধতিতে (১০+২) পরীক্ষা পশ্চিমবঙ্গ উচ্চমাধ্যমিক শিক্ষা পর্ষদ থেকে অথবা স্বীকৃত কাউন্সিল/ বোর্ড থেকে সমতুল্য কোন পরীক্ষা পাশ করতে হবে।</p> <p>i. প্রার্থীকে (১০+২) পরীক্ষায় পদার্থবিদ্যা, রসায়ন এবং গণিতে এক সঙ্গে কমপক্ষে ৫০ শতাংশ নম্বর এবং এগ্রিগেটে ৫০ শতাংশের (এস সি, এস টি, ও বি সি-এ, ও বি সি-বি, এবং পি ডব্লিউ ডি) প্রার্থীদের জন্য ৩৭ শতাংশ নম্বর পেতে হবে) সহিত পাশ করতে হবে।</p> <p>ii. প্রার্থীকে অবশ্যই কাউন্সিল অফ আর্কিটেকচার (COA), নয়াদিল্লি দ্বারা পরিচালিত NATA (National Aptitude Test in Architecture) পরীক্ষায় পাশ করতে হবে। উল্লিখিত পরীক্ষার রেজাল্ট বৈধ হতে হবে।</p> |
| 3.3.3 | <p><b>ওয়েস্ট বেঙ্গল ইউনিভার্সিটি অফ অ্যানিমাল অ্যান্ড ফিসারী সায়েন্স (ডেয়ারী টেকনোলজিতে বি. টেক) এবং বিধান চন্দ্র কৃষি বিশ্ব বিদ্যালয় (এগ্রিকালচারাল ইঞ্জিনিয়ারিং -এ বি. টেক)</b></p> <p>a) প্রার্থীকে (১০+২) অথবা সমতুল্য কোন পরীক্ষায় রেগুলার ক্লাস মোড পদ্ধতিতে আবশ্যিক বিষয় হিসাবে পদার্থবিদ্যা, রসায়ন, গণিত এবং ইংরাজিতে আলাদা আলাদা ভাবে (উভয় থিয়রি এবং প্র্যাকটিকাল যেখানে প্রযোজ্য) পাশ করতে হবে।</p> <p>b) প্রার্থীকে উপরে উল্লিখিত চারটি বিষয়ে এক সঙ্গে কমপক্ষে ৫০ শতাংশ নম্বর (সংরক্ষিত শ্রেণির প্রার্থীদের জন্য গড় ৪০ শতাংশ নম্বর পেতে হবে যেমন: এস সি, এস টি, ও বি সি-এ, ও বি সি-বি, এবং পি ডব্লিউ ডি) পেতে হবে।</p>  |
| 3.3.4 | <p><b>নেওটিয়া বিশ্ববিদ্যালয়</b></p> <p>a) <b>মেরিন ইঞ্জিনিয়ারিং কোর্সে বি. টেক:</b> প্রার্থীকে (১০+২) অথবা সমতুল্য কোন পরীক্ষায় আবশ্যিক বিষয় হিসাবে গণিত, পদার্থবিদ্যা এবং রসায়নে এক সঙ্গে কমপক্ষে ৬০ শতাংশ নম্বর ও দশম অথবা দ্বাদশ শ্রেণির পরীক্ষায় ইংরাজিতে কমপক্ষে ৫০ শতাংশ নম্বরের সহিত পাশ করতে হবে।</p> <p>b) <b>বি ফার্ম কোর্স:</b> প্রার্থীকে (১০+২) অথবা সমতুল্য কোন পরীক্ষায় আবশ্যিক বিষয় হিসাবে গণিত, পদার্থবিদ্যা এবং রসায়ন/ জীববিদ্যায় এক সঙ্গে কমপক্ষে ৬০ শতাংশ নম্বর পেতে হবে।</p> <p>c) <b>ইঞ্জিনিয়ারিং বিভাগে অন্যান্য বি. টেক কোর্স:</b> প্রার্থীকে অবশ্যই (১০+২) অথবা সমতুল্য কোন পরীক্ষায় আবশ্যিক বিষয় হিসাবে পদার্থবিদ্যা এবং গণিতের সহিত রসায়ন/ জৈবপ্রযুক্তি/ জীববিদ্যা/ কম্পিউটার সায়েন্স/ কম্পিউটার অ্যাপ্লিকেশন যে কোন একটি বিষয় নিতে হবে এবং এক সঙ্গে কমপক্ষে ৬০ শতাংশ নম্বর পেতে হবে।</p>  |
| 3.3.5 | <p><b>আলিয়া বিশ্ববিদ্যালয়</b></p> <p>a) প্রার্থীর (১০+২) পরীক্ষায় অবশ্যই গণিত, পদার্থবিদ্যা এবং রসায়নে আলাদা আলাদা ভাবে</p>  |

|       |   |
|-------|---|
|       | <p>কমপক্ষে ১০০ নম্বর থাকতে হবে।</p> <p>b) প্রার্থীকে দ্বাদশ শ্রেণির পরীক্ষায় রেগুলার ক্লাস মোড পদ্ধতিতে পদার্থবিদ্যা, রসায়ন এবং গণিতে কমপক্ষে ৬০ শতাংশ নম্বরের সহিত আলাদা আলাদা ভাবে (উভয় থিয়রি এবং প্র্যাকটিকাল যেখানে প্রযোজ্য) পাশ করতে হবে।</p> <p>c) দ্বাদশ শ্রেণিতে পড়া প্রার্থীরাও পরীক্ষায় বসার যোগ্য। যদিও, পরবর্তীকালে প্রার্থী উপরে উল্লিখিত যোগ্যতা পূরণে ব্যর্থ হয় তাহলে তার ভর্তি প্রক্রিয়া বাতিল করা হবে।</p>  |
| 3.3.6 | <p><b>সিস্টার নিবেদিতা বিশ্ববিদ্যালয়</b></p> <p>a) কম্পিউটার সায়েন্স এবং বিজনেস্ সিস্টেম কোর্সে (TCS-Industry Integrated) ভর্তির জন্য, প্রার্থীকে দ্বাদশ শ্রেণীর পরীক্ষায় পদার্থবিদ্যা, রসায়ন এবং গণিতে অবশ্যই গড় ৬০ শতাংশ নম্বর এবং এছাড়াও এগ্রিগেটে ৬০ শতাংশ নম্বর পেতে হবে।</p> <p>b) বি আর্ক কোর্স:</p> <p>i. প্রার্থীকে (১০+২) পরীক্ষায় রেগুলার ক্লাস মোড পদ্ধতিতে আবশ্যিক বিষয় হিসাবে পদার্থবিদ্যা, গণিত এবং রসায়নে আলাদা আলাদা ভাবে (উভয় থিয়রি এবং প্র্যাকটিকাল যেখানে প্রযোজ্য) পাশ করতে হবে।</p> <p>ii. উপরে উল্লিখিত তিনটি বিষয়ে একসঙ্গে অবশ্যই কমপক্ষে ৫০ শতাংশ নম্বর পেতে হবে।</p> <p>iii. (১০+২) পরীক্ষায় অবশ্যই এগ্রিগেটে ৫০ শতাংশ নম্বর পেতে হবে।</p> <p>iv. (১০+২) পরীক্ষায় অবশ্যই ইংরাজিতে পাশ করতে হবে।</p> <p>v. উল্লিখিত যোগ্যতা নির্ণায়ক পরীক্ষার বোর্ডকে অবশ্যই কেন্দ্রীয় সরকার অথবা রাজ্য সরকারের স্বীকৃত হতে হবে।</p> <p>vi. প্রার্থীকে অবশ্যই কাউন্সিল অফ আর্কিটেকচার (COA), নয়াদিল্লি দ্বারা পরিচালিত NATA (National Aptitude Test in Architecture) পরীক্ষায় পাশ করতে হবে। উল্লিখিত পরীক্ষার রেজাল্ট বৈধ হতে হবে।</p> |
| 3.3.7 | <p><b>অ্যাডামাস বিশ্ববিদ্যালয়</b></p> <p>a) স্কুল অফ ইঞ্জিনিয়ারিং এবং টেকনোলজি: প্রার্থীকে কেন্দ্রীয়/ রাজ্য সরকারের দ্বারা পরিচালিত (১০+২) পরীক্ষায় পাশ করতে হবে অথবা অ্যাসোসিয়েট অফ ইন্ডিয়ান ইউনিভার্সিটি (AIU) দ্বারা স্বীকৃত (১০+২) সমতুল্য পরীক্ষায় পদার্থবিদ্যা ও গণিতের সহিত রসায়ন/ জৈবপ্রযুক্তি/ জীববিদ্যা/ টেকনিকাল ভোকেশনাল বিষয়ে কমপক্ষে ৬০ শতাংশ নম্বর পেয়ে পাশ করতে হবে।</p> <p>b) স্কুল অফ মেডিকেল সায়েন্স (ফার্মাসি কোর্স): সর্বনিম্ন যোগ্যতা হল, প্রার্থীকে উল্লিখিত পরীক্ষায় কমপক্ষে ৬০ শতাংশ নম্বরের সহিত পাশ করতে হবে, বাকি যোগ্যতা PCI (Pharmacy Council of India) অনুযায়ী একই থাকবে।</p>   |
| 3.3.8 | <p><b>JIS বিশ্ববিদ্যালয়</b></p> <p>a) বি.টেক:</p> <p>i. প্রার্থীকে অবশ্যই (১০+২) পরীক্ষায় আবশ্যিক বিষয় হিসাবে পদার্থবিদ্যা এবং গণিতের সহিত রসায়ন/ জৈবপ্রযুক্তি/ জীববিদ্যা/ কম্পিউটার সায়েন্স/ কম্পিউটার অ্যাপ্লিকেশন/ টেকনিকাল ভোকেশনাল বিষয়ে আলাদা আলাদা ভাবে (উভয় থিয়রি এবং প্র্যাকটিকাল যেখানে প্রযোজ্য) পাশ নম্বরের সহিত রেগুলার ক্লাস মোড পদ্ধতিতে পাশ করতে হবে।</p> <p>ii. প্রার্থীকে অবশ্যই উপরের তিনটি বিষয়ে এক সঙ্গে কমপক্ষে ৬০ শতাংশ নম্বর (সংরক্ষিত</p>   |

|              |   |
|--------------|---|
|              | <p>শ্রেণির প্রার্থীদের জন্য ৫৫ শতাংশ নম্বর পেতে হবে যেমন: এস সি, এস টি, ও বি সি-এ, ও বি সি-বি, এবং পি ডব্লিউ ডি) পেতে হবে।</p> <p>iii. প্রার্থীকে অবশ্যই (১০+২) পরীক্ষায় ইংরাজিতে কমপক্ষে ৩০ শতাংশ নম্বরের সহিত পাশ করতে হবে।</p> <p>iv. প্রার্থীকে অবশ্যই (১০+২) পরীক্ষায় এগ্রিগেটে ৬০ শতাংশের (সংরক্ষিত শ্রেণির প্রার্থীদের জন্য ৫৫ শতাংশ নম্বর পেতে হবে যেমন: এস সি, এস টি, ও বি সি-এ, ও বি সি-বি, এবং পি ডব্লিউ ডি) সহিত পাশ করতে হবে।</p> <p>b) বি. ফার্ম:</p> <p>i. প্রার্থীকে অবশ্যই (১০+২) পরীক্ষায় রেগুলার ক্লাস মোড পদ্ধতিতে আবশ্যিক বিষয় হিসাবে পদার্থবিদ্যা এবং রসায়নের সহিত গণিত/ জীববিদ্যা বিষয়ে আলাদা আলাদা ভাবে (উভয় থিয়রি এবং প্র্যাকটিকাল যেখানে প্রযোজ্য) পাশ করতে হবে।</p> <p>ii. প্রার্থীকে অবশ্যই উপরের তিনটি বিষয়ে এক সঙ্গে কমপক্ষে ৬০ শতাংশ নম্বর (সংরক্ষিত শ্রেণির প্রার্থীদের জন্য ৫৫ শতাংশ নম্বর পেতে হবে যেমন: এস সি, এস টি, ও বি সি-এ, ও বি সি-বি, এবং পি ডব্লিউ ডি) পেতে হবে।</p> <p>iii. প্রার্থীকে অবশ্যই (১০+২) পরীক্ষায় ইংরাজিতে কমপক্ষে ৩০ শতাংশ নম্বরের সহিত পাশ করতে হবে।</p> <p>iv. প্রার্থীকে অবশ্যই (১০+২) পরীক্ষায় এগ্রিগেটে ৬০ শতাংশের (সংরক্ষিত শ্রেণির প্রার্থীদের জন্য ৫৫ শতাংশ নম্বর পেতে হবে যেমন: এস সি, এস টি, ও বি সি-এ, ও বি সি-বি, এবং পি ডব্লিউ ডি) সহিত পাশ করতে হবে।</p> <p>v. যোগ্যতা নির্ণায়ক পরীক্ষার বোর্ডকে অবশ্যই কেন্দ্রীয় সরকার অথবা রাজ্য সরকারের স্বীকৃত হতে হবে।</p> |
| <p>3.4</p>   | <p><b>পশ্চিমবঙ্গের স্থায়ী বাসিন্দা হওয়ার প্রয়োজনীয়তা</b></p> <p>a) নিম্নলিখিত সীটগুলিতে ভর্তি হওয়ার জন্য প্রার্থীকে অবশ্যই পশ্চিমবঙ্গের বাসিন্দা হতে হবে।</p> <p>i. সরকারী সাহায্য প্রাপ্ত ইঞ্জিনিয়ারিং/ টেকনোলজি/ ফার্মাসি কলেজে জেনারেল ক্যাটাগোরীর সীট সহ যে কোন সীটে ভর্তির জন্য।</p> <p>ii. ওয়েস্ট বেঙ্গল ইউনিভার্সিটি অফ অ্যানিমাল অ্যান্ড ফিসারী সায়েন্সে জেনারেল ক্যাটাগোরীর সীট সহ যেকোন সীটে বি টেক (ডেয়ারী টেকনোলজি) কোর্সে ভর্তির জন্য।</p> <p>iii. যাদবপুর বিশ্ববিদ্যালয়ে ৯০ শতাংশ জেনারেল ক্যাটাগোরীর সীটে ভর্তির জন্য।</p> <p>iv. যে কোন প্রতিষ্ঠানে যে কোন সংরক্ষিত শ্রেণির (এস সি, এস টি, ও বি সি-এ, ও বি সি-বি, পি ডব্লিউ ডি, টি এফ ডব্লিউ) সীটে ভর্তির জন্য।</p> <p>b) আলিয়া বিশ্ববিদ্যালয়ে ভর্তির জন্য রেসিডেনসিয়াল অথবা ডোমিসাইল সার্টিফিকেট প্রয়োজন, যেহেতু এটি রাজ্য সরকার দ্বারা পরিচালিত একটি বিশ্ববিদ্যালয়।</p> <p>c) প্রার্থীকে সেকশান 3.4.1 -এ দেওয়া তথ্য অনুযায়ী প্রয়োজনীয় প্রফর্মা ডাউনলোড করতে হবে এবং সার্টিফিকেটটি কাউন্সেলিং, ভর্তি ইত্যাদির সময় দেওয়ার জন্য প্রস্তুত রাখতে হবে।</p>   |
| <p>3.4.1</p> | <p><b>পশ্চিমবঙ্গের স্থায়ী বাসিন্দা হওয়ার যোগ্যতা এবং প্রযোজ্য সার্টিফিকেটের নমুনা</b></p> <p>পশ্চিমবঙ্গের বাসিন্দা হওয়ার শর্ত নিম্নরূপ:</p> <p>a) প্রার্থীকে ৩১/১২/২০২২ পর্যন্ত অন্তত গত দশ বছর ধরে পশ্চিমবঙ্গের স্থায়ী বাসিন্দা হতে হবে।</p>   |



|              |   |
|--------------|---|
|              | <p style="text-align: center;">অথবা</p> <p>b) প্রার্থীর বাবা-মা কে পশ্চিমবঙ্গের স্থায়ী ঠিকানার সহিত স্থায়ী বাসিন্দা হতে হবে।</p> <p>উল্লিখিত a) শ্রেণীর প্রার্থীদের জন্য প্রফর্মা 'a1' (পরিশিষ্ট - ১) অথবা 'a2' (পরিশিষ্ট - ২) প্রফর্মা প্রযোজ্য।<br/>উল্লিখিত b) শ্রেণীর প্রার্থীদের জন্য প্রফর্মা 'b' (পরিশিষ্ট - ৩) প্রযোজ্য অথবা প্রার্থীকে অবশ্যই তার বাবা মায়ের অরিজিনাল যে কোন দুটি পরিচয় পত্র (যেমন: ভোটার আইডি কার্ড/ আধার কার্ড/ পাসপোর্ট/ রেশন কার্ড) দেখাতে হবে। উল্লিখিত নমুনাকে অবশ্যই প্রার্থীর বাবা মায়ের পশ্চিমবঙ্গের স্থায়ী বাসিন্দা হওয়ার প্রমাণ পত্র হতে হবে।</p> <p>কাউন্সিলিং-এর সময় যদি কোন সংরক্ষিত শ্রেণি যেমন: এস সি/ এস টি/ ও বি সি-এ/ ও বি সি-বি প্রার্থীরা যদি ডোমিসাইল সার্টিফিকেট দিতে না পারে, তবে সে তার ক্যাটাগোরী সার্টিফিকেটটি (পশ্চিমবঙ্গ সরকার দ্বারা জারি করা) ডোমিসাইল সার্টিফিকেট হিসাবে দেখাতে/ আপলোড করতে পারে। কিন্তু, যদি কোন কারণে তথ্য যাচাইয়ের সময় ক্যাটাগোরী সার্টিফিকেটটি অবৈধ প্রমাণিত হয়, তাহলে সেই প্রার্থীর ডোমিসাইল স্টাটাসটি নন-ওয়েস্ট বেঙ্গল হিসাবে বিবেচিত হবে।</p>   |
| <p>3.4.2</p> | <p><b>ডোমিসাইল সার্টিফিকেট দেওয়ার জন্য উপযুক্ত কর্তৃপক্ষ</b></p> <p>a) সংশ্লিষ্ট প্রার্থী অথবা তার বাবা মায়ের পশ্চিমবঙ্গের স্থায়ী বাসিন্দা হওয়ার নমুনা প্রোফর্মা 'a1' অথবা প্রোফর্মা 'b' -কে তার স্থায়ী ঠিকানার অধীনস্থ কেন্দ্রীয় সরকার অথবা রাজ্য সরকারের উপযুক্ত কর্তৃপক্ষ দ্বারা সাক্ষর প্রাপ্ত হতে হবে।</p> <ol style="list-style-type: none"> <li>i. জেলা ম্যাজিস্ট্রেট, অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, ডেপুটি ম্যাজিস্ট্রেট, ডেপুটি কালেক্টর, সাব-ডিভিশানাল অফিসার, ব্লক ডেভালপমেন্ট অফিসার।</li> <li>ii. সুপারিনটেনডেন্ট অফ পুলিশ, অতিরিক্ত সুপারিনটেনডেন্ট অফ পুলিশ, সাব-ডিভিশানাল পুলিশ অফিসার, ডেপুটি সুপারিনটেনডেন্ট অফ পুলিশ।</li> <li>iii. কমিশনার, অতিরিক্ত কমিশনার, জয়েন্ট কমিশনার, ডেপুটি কমিশনার, সহকারী কমিশনার অফ পুলিশ কমিশনারেট।</li> <li>iv. সংশ্লিষ্ট জেলার অধীনস্থ যেকোন ব্যাঙ্ক অথবা পোজিশানের মেট্রোপলিটান লোকালিটি অথবা কোলকাতা হাই কোর্ট অথবা সুপ্রিম কোর্টের জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট।</li> <li>v. কর্পোরেশন অঞ্চলের কমিশনার, অতিরিক্ত কমিশনার, জয়েন্ট কমিশনার, সহকারী কমিশনার।</li> <li>vi. পশ্চিমবঙ্গ অথবা কেন্দ্রীয় সরকারের অধীনস্থ সেক্রেটারিয়েটের সহকারী সেক্রেটারি অথবা তার উচ্চ পদস্থ পদাধিকারি।</li> <li>vii. পশ্চিমবঙ্গ অথবা কেন্দ্রীয় সরকারের অধীনস্থ ডিরেক্টরেটের ডেপুটি ডিরেক্টর অথবা তার উচ্চ পদস্থ পদাধিকারি।</li> <li>viii. ডোমিসাইল সার্টিফিকেটে অবশ্যই উক্ত পদাধিকারির পুরো নাম, উপাধি, সম্পূর্ণ ঠিকানা, ল্যান্ড লাইন/ মোবাইল নম্বর থাকতে হবে। তিনি তার আইডেনটিটি কার্ড নম্বর ও দিতে পারেন, যদি থাকে।</li> </ol> <p>b) <b>বিঃদ্রঃ</b> : নির্বাচিত প্রতিনিধি যেমন: মিউনিসিপাল কমিশনার, মিউনিসিপাল কর্পোরেশন/ মিউনিসিপালিটির কাউন্সিলর, ত্রিস্তরীণ পঞ্চায়েতের মেম্বর অথবা GTA, MLA অথবা MP দ্বারা জারি করা ডোমিসাইল সার্টিফিকেট গ্রাহ্য নয়।</p> <p>c) প্রার্থী যে প্রতিষ্ঠান থেকে (১০+২) পরীক্ষায় পাশ করেছে অথবা (১০+২) পরীক্ষা দেবে সেই প্রতিষ্ঠানের প্রধান শিক্ষক/ শিক্ষিকার স্বাক্ষর দ্বারা প্রোফর্মা 'a2' নমুনাটি প্রত্যয়িত হতে হবে। অবশ্যই প্রার্থীর স্কুল এডুকেশন রেকর্ড যাচাই করার পর সার্টিফিকেট টি জারি করা উচিত।</p> |

|            |   |
|------------|---|
| <p>4.0</p> | <p><b>সীট ম্যাট্রিক্স</b><br/>                 ২০২২-২৩ একাডেমিক সেশনের সীট ম্যাট্রিক্স বোর্ড ওয়েবসাইটে দেওয়া হয়েছে।<br/>                 ২০২৩-২৪ একাডেমিক সেশনের সীট ম্যাট্রিক্স যথাসময়ে পশ্চিমবঙ্গ সরকারের ডিরেক্টর অফ টেকনিক্যাল এডুকেশন দপ্তর কর্তৃক ঘোষিত হবে এবং কাউন্সেলিংয়ের আগে বোর্ডের ওয়েবসাইটে প্রকাশিত হবে।<br/>                 মনে রাখবেন যে কিছু ইনস্টিটিউট/ কোর্সে কিছু অতিরিক্ত আসন থাকতে পারে যা ই-কাউন্সেলিং এর মাধ্যমে বন্টন করা হয় না এবং সেটা সীট ম্যাট্রিক্সে দেখানো ও হয় না।</p>  |
| <p>5.0</p> | <p><b>সংরক্ষিত শ্রেণির প্রার্থীদের জন্য আসন সংরক্ষণ</b></p>   |
| <p>5.1</p> | <p><b>এস সি/ এস টি/ ও বি সি-এ (NCL)/ ও বি সি-বি (NCL)/ পি ডব্লিউ ডি/ টি এফ ডব্লিউ প্রার্থীদের জন্য আসন সংরক্ষণ</b></p> <p>a) ইনস্টিটিউটের ধরনের উপর ভিত্তি করে উপলব্ধ আসন সংরক্ষণ নিয়মটি সংরক্ষিত শ্রেণির (যেমন: এস সি/ এস টি/ ও বি সি-এ/ ও বি সি-বি/ পি ডব্লিউ ডি/ টি এফ ডব্লিউ) প্রার্থীদের জন্য প্রয়োজ্য হবে। সংরক্ষিত শ্রেণি যেমন: ও বি সি-এ/ ও বি সি-বি হিসাবে কেবলমাত্র নন ক্রিমি লেয়ারের (NCL) অন্তর্ভুক্ত প্রার্থীরাই বিবেচিত হবে। প্রার্থীকে কাউন্সেলিং/ ভর্তির সময় আপডেটেড NCL সার্টিফিকেট দাখিল করতে হবে।</p> <p>b) এই ধরনের সংরক্ষণ ভারতীয় নাগরিক এবং পশ্চিমবঙ্গের স্থায়ী বাসিন্দা প্রার্থীদের মধ্যে সীমাবদ্ধ থাকবে। OCI প্রার্থীরা কেবলমাত্র সর্বভারতীয় কোটায় অসংরক্ষিত সীটের জন্যই যোগ্য।</p> <p>c) এই ধরনের সংরক্ষণ দাবিকারী প্রার্থীদের অবশ্যই নীচে দেওয়া উপযুক্ত কর্তৃপক্ষের সার্টিফিকেট জমা দিতে হবে।</p> <p>d) সার্টিফিকেটটি কাউন্সেলিং এবং ভর্তির সময় নথি যাচাইয়ের জন্য <b>অ্যালোটেড ইনস্টিটিউটে</b> পেশ করতে হবে। যদি সার্টিফিকেটটি অবৈধ প্রমাণিত হয়, অথবা যদি প্রার্থী ঐ দিনে সংশ্লিষ্ট সঠিক প্রমাণ করতে ব্যর্থ হয় তবে ঐ তারিখে <b>ভেরিফিকেশনের জন্য প্রযোজ্য নিয়ম অনুযায়ী</b> তার দেওয়া তথ্যাদি সংশোধন/ পরিবর্তন করা হবে তার ফলে প্রার্থী কিছু সীট/ সব সীট/ সব বিষয়ে অযোগ্য বলে বিবেচিত হতে পারে এবং প্রার্থী পরবর্তী পর্যায়ের কাউন্সেলিং-এর জন্য বিবেচিত হতে পারে (যদি আসন খালি থাকে)।</p> <p><b>** NCL : নন ক্রিমি লেয়ার (Non Creamy Layer)</b></p> |
| <p>5.2</p> | <p><b>সংরক্ষিত শ্রেণির অধীনে এস সি/ এস টি সার্টিফিকেট দেওয়ার জন্য উপযুক্ত কর্তৃপক্ষ</b></p> <p>নিম্নলিখিত যে কোন একটি কর্তৃপক্ষ কর্তৃক এস সি/ এস টি সার্টিফিকেট ইস্যু করতে হবে:</p> <p>(i) কলকাতা বাদে অন্য সকল জেলাগুলির ক্ষেত্রে সাব ডিভিশনাল অফিসারগন।</p> <p>(ii) কলকাতা পৌরনিগম এলাকাভুক্ত দের ক্ষেত্রে (কে এমসি আইন, ১৯৮০ ২ নম্বর ধারায় ৯ নম্বর উপধারায় যে রূপে সংজ্ঞায়িত) ডিস্ট্রিক্ট ওয়েলফেয়ার অফিসার কলকাতা এবং এক্স অফিসও জয়েন্ট ডিরেক্টর ব্যাকওয়ার্ড ক্লাসেস ওয়েলফেয়ার বিভাগ।</p>  |
| <p>5.3</p> | <p><b>সংরক্ষিত শ্রেণির অধীনে দাবি করা প্রার্থীদের জন্য ওবিসি-এ (NCL)/ ওবিসি-বি (NCL) সার্টিফিকেট দেওয়ার জন্য উপযুক্ত কর্তৃপক্ষ</b></p> <p>বিজ্ঞপ্তি নং, ৩৭৪ (৭১)-টিডব্লিউ/ ইসি/ এমআর-১০৩/৯৪ তারিখ ২৭/৭/১৯৯৪ তারিখে, স্মারক নং ১২০৪-এসবিসিডাব্লিউ/ এমআর-৬৭/১০ তারিখ ২৭/৭/২০১৫ নং অনুযায়ী পশ্চিমবঙ্গের একটি জেলার একটি মহকুমা বিভাগের সাব ডিভিশন অফিসারটি এই সার্টিফিকেট ইস্যুর কর্তৃপক্ষ। কলকাতায় এই ধরনের সার্টিফিকেট রাজ্য সরকারের মতো একজন কর্মকর্তা কর্তৃক অনুমোদিত করা হয়। সেই অনুযায়ী কলকাতা পৌরসংস্থার এজিক্সারভুভ কলকাতা সম্পর্কে সার্টিফিকেট ইস্যুকারী কর্তৃপক্ষ হিসেবে কাজ করার জন্য কলকাতার ডিস্ট্রিক্ট ওয়েলফেয়ার অফিসার, কলকাতা ও সাবেক যুগ্ম পরিচালক বি সি ডব্লিউ (BCW) বিভাগের জেলা কল্যাণ কর্মকর্তাকে অবহিত করা হয়েছে।</p> <p><b>*NCL - নন ক্রিমি লেয়ার (Non Creamy Layer)</b></p>   |

|     |  |
|-----|--|
| 5.4 | <p><b>প্রতিবন্ধী (পি ডব্লিউ ডি) প্রার্থীদের জন্য আসন সংরক্ষণ</b></p> <p>a) RPWD Act, 2016 অনুযায়ী সেকশান 2(r) ধারায়, “বেঞ্চমার্ক অক্ষমতার সহিত প্রার্থী” অর্থাৎ একটি প্রার্থীর 80 শতাংশের বেশি নির্দিষ্ট করা অক্ষমতা থাকতে হবে যেখানে নির্দিষ্ট করা অক্ষমতা পরিমাপযোগ্য শব্দ প্রকাশ করবে না এবং সংশ্লিষ্ট কর্তৃপক্ষ দ্বারা জারি করা একটি প্রার্থী অক্ষমতার সহিত যেখানে পরিমাপযোগ্য শব্দ বর্ণিত থাকবে।</p> <p>b) সেই অনুযায়ী, নিম্নলিখিত অক্ষমতার ধরনের উপর ভিত্তি করে পি ডব্লিউ ডি সীটের আসন সংরক্ষণ উপলব্ধ হবে, প্রার্থীর অক্ষমতা 80 শতাংশের কম হলে হবে না।</p> <ol style="list-style-type: none"> <li>RPWD Act, 2016 ধারা অনুযায়ী বর্ণিত লোকোমোটোর ডিজএবিলিটি।</li> <li>RPWD Act, 2016 ধারা অনুযায়ী বর্ণিত ভিজুয়াল ইম্পেয়ারমেন্ট।</li> <li>RPWD Act, 2016 ধারা অনুযায়ী বর্ণিত হিয়ারিং ইম্পেয়ারমেন্ট।</li> <li>RPWD Act, 2016 ধারা অনুযায়ী বর্ণিত স্পিচ অ্যান্ড ল্যাঙ্গুয়েজ ডিজএবিলিটি।</li> <li>RPWD Act, 2016 ধারা অনুযায়ী বর্ণিত ইন্টেলেকচুয়াল ডিজএবিলিটি।</li> <li>মেন্টাল ইলনেস।</li> <li>ক্রনিক নিউরোলজিকাল কন্ডিশনস এ্যান্ড ব্লাড ডিজঅর্ডার।</li> <li>মাল্টিপল ডিজএবিলিটি ইনক্লুডিং ডিফ রাইন্ডনেস।</li> </ol> <p>c) RPWD Act, 2016 ধারা অনুযায়ী বর্ণিত অক্ষমতা <b>পরিশিষ্ট - ১০</b> -এ দেওয়া আছে।</p> <p>d) পশ্চিমবঙ্গ সরকারের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের অর্ডার নং 289-HF/ O/ PHP/ IR-05/ 2017 dated 29.08.2018 তে বর্ণিত যে কোন কর্তৃপক্ষ পি ডব্লিউ ডি সার্টিফিকেটটি স্বাক্ষর করতে পারেন।</p> |
| 5.5 | <p><b>প্রতিবন্ধী প্রার্থীদের পরীক্ষায় বসার জন্য বিশেষ সুবিধা</b></p> <p>a) <b>আবেদনপত্রের ফী-তে ছাড়:</b> প্রতিবন্ধী প্রার্থীরা আবেদনপত্রের ফী-তে 40% ছাড় পাওয়ার যোগ্য। এর জন্য প্রার্থীকে আবেদন পত্রের শেষ দিনের মধ্যে প্রতিবন্ধী সার্টিফিকেট এবং কনফার্মেশন পেজের কপিসহ বোর্ডের চেয়ারম্যানের কাছে আবেদন পত্র পাঠাতে হবে।</p> <p>b) <b>অতিরিক্ত সময়:</b> উপযুক্ত প্রতিবন্ধী প্রার্থীরা প্রতিঘন্টা পরীক্ষার জন্য কুড়ি মিনিট হারে নির্দিষ্ট সময়ের অতিরিক্ত সময় পেতে পারে।</p> <p>c) <b>সহায়ক:</b> বেঞ্চমার্ক অক্ষমতার সহিত প্রতিবন্ধী প্রার্থীরা নিজস্ব স্কাইব বা রিডার ব্যবহার করতে পারবেন (পরিশিষ্ট-5 এবং পরিশিষ্ট-6 দেখ)।</p> <p>d) অতিরিক্ত সময়/ সহায়ক -এর সুবিধা পাওয়ার জন্য প্রার্থীকে কনফার্মেশন পেজের অনুলিপি, পি ডব্লিউ ডি-র সার্টিফিকেট, পরিশিষ্ট - ৫ এ দেওয়া নমুনা অনুযায়ী সার্টিফিকেট এবং পরিশিষ্ট -৬ এ দেওয়া নমুনা অনুযায়ী আবেদন পত্র অনলাইন অ্যাপ্লিকেশনের শেষ দিনের মধ্যে বোর্ডের চেয়ারম্যানের কাছে পাঠাতে হবে। বোর্ডের কলকাতা অফিসে এসে এইসব প্রার্থীদের পরীক্ষা দিতে হবে। এই সুবিধাগুলি অন্যান্য পরীক্ষাকেন্দ্রের জন্য প্রযোজ্য নয়।</p> <p>e) উপরে উল্লেখিত বিষয়ে বোর্ডের সিদ্ধান্ত চূড়ান্ত এবং আবশ্যিক।</p>   |
| 5.6 | <p><b>প্রতিরক্ষাকর্মীদের সন্তানদের জন্য ভর্তির আসন সংরক্ষণ (ডিফেন্স কোটা আসন)</b></p> <p>পশ্চিমবঙ্গ সরকারের উচ্চশিক্ষা দপ্তরের তরফে ০৯.০৬.২০১৬ তারিখে প্রকাশিত সরকারি আদেশনামা নং ৪০৬(টি) মোতাবেক প্রতিরক্ষাকর্মীদের সন্তানদের ডব্লিউবিজেইই -২০২৩- এর মাধ্যমে ভর্তির জন্য ১৩টি (তেরো) আসন সংরক্ষণ থাকছে।</p>   |

|            |   |
|------------|---|
|            | <p>এই ধরনের আসনগুলি সুপারনিউমেরারি প্রকৃতির (অর্থাৎ, হিসাবে অতিরিক্ত ) এবং এই আসনগুলি বন্টনের ক্ষেত্রে নিম্নলিখিত নির্দেশাবলি অনুসরণ করা হবে:</p> <p>a) ডিফেন্স কোটার অধীনে বিবেচিত হওয়ার জন্য ডব্লিউবিজেইই -২০২৩ -এর নিবন্ধীকৃত পরীক্ষার্থীদের রাজ্য সৈনিক বোর্ড, হোম ডিপার্টমেন্ট,পশ্চিমবঙ্গ সরকার, রাইটার্স বিলডিং , কলকাতা - ৭০০০০১ - এর কাছে নির্ধারিত বয়ানে আবেদন করতে হবে। প্রাক্তন সমরকর্মীদের সন্তানদের জন্য সংশ্লিষ্ট জেলা সৈনিক বোর্ড, পশ্চিমবঙ্গ এবং কর্মরত সমরকর্মীদের সন্তানদের জন্য ইউনিটগুলির মাধ্যমে আবেদন করতে হবে। আবেদন পত্রের সঙ্গে ডব্লিউবিজেইই - ২০২৩- এর অ্যাডমিট কার্ডের প্রত্যায়িত নকল (অ্যাটেস্টেড কপি) দিতে হবে।</p> <p>b) উক্ত রাজ্য সৈনিক বোর্ডের সুপারিশের ভিত্তিতে অফলাইন কাউন্সেলিং এবং আসন বন্টনের জন্য ওয়েস্ট বেঙ্গল জয়েন্ট এন্ট্রান্স এগজামিনেশন বোর্ড ওই শ্রেণিভুক্ত পরীক্ষার্থীদের একটি পৃথক মেধাতালিকা প্রকাশ করবে। এই ধরনের আসন ভর্তির ক্ষেত্রে ডব্লিউবিজেইই -২০২৩-তে জেনারেল মেরিট র‍্যাঙ্ক (জিএমআর) থাকা বাধ্যতামূলক।</p> <p>c) ২০২২-২৩-য় ডিফেন্স কোটার অধীনে প্রতিষ্ঠান ও কোর্সভিত্তিক উপলব্ধ আসনের খতিয়ান পরিশিষ্ট-১১তে দেওয়া হয়েছে। ২০২৩-২৪ এর প্রযোজ্য তালিকা কাউন্সেলিংয়ের আগে যথা সময়ে প্রকাশ করা হবে।</p> |
| <p>5.7</p> | <p><b>JEE(Main)2023 মেধাতালিকাভুক্ত পড়ুয়াদের জন্য আসন সংরক্ষণ</b></p> <p>পশ্চিমবঙ্গের সমস্ত সেলফ-ফাইন্যান্সড ইঞ্জিনিয়ারিং অ্যান্ড টেকনোলজি কলেজগুলির অনুমোদিত আসন সংখ্যার সর্বাধিক ১০% আসন জেইই (মেইন) ২০২৩, পেপার-১ -এর মেধাতালিকাভুক্ত পরীক্ষার্থীদের জন্য সংরক্ষিত থাকবে।</p> <p>এই তথ্যপুস্তিকার ৩ নং পরিচ্ছেদে বর্ণিত ডব্লিউবিজেইই -২০২৩-এর নির্ধারিত যোগ্যতামান সংক্রান্ত শর্তগুলি রাজ্যের ডিগ্রিস্তরীয় ইঞ্জিনিয়ারিং/ টেকনোলজি/ ফার্মাসি/ আর্কিটেকচার কোর্সে ভর্তি হতে আগ্রহী জেইই (মেইন) ২০২৩-এর পেপার-১ এর মেধাতালিকাভুক্ত পড়ুয়াদের ক্ষেত্রেও অনুরূপ ভাবে প্রযোজ্য হবে।</p>  |
| <p>6.0</p> | <p><b>টিউশান ফি ওয়েভার (টি এফ ডব্লিউ) স্কিম</b></p>  |
| <p>6.1</p> | <p><b>টিউশান ফি ওয়েভার (টি এফ ডব্লিউ) স্কিমের অধীনে উপলব্ধ আসন</b></p> <p>a) পশ্চিমবঙ্গের আর্থিকভাবে অনগ্রসর কিন্তু মেধাবী পড়ুয়াদের জন্য পশ্চিমবঙ্গ সরকার এই টিউশান ফি ওয়েভার (টিএফডব্লিউ) স্কিম চালু করেছে।</p> <p>b) এই ধরনের আসনে ভর্তি হতে আগ্রহী পড়ুয়াকে অবশ্যই পশ্চিমবঙ্গের অধিবাসী হতে হবে এবং সংশ্লিষ্ট পড়ুয়ার সমস্ত সূত্র থেকে প্রাপ্ত পারিবারিক মোট বার্ষিক উপার্জন ২.৫০ লাখ (দুই লক্ষ পঞ্চাশ হাজার টাকা মাত্র) টাকার কম হতে হবে।</p> <p>c) এই ছাড় কেবলমাত্র সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের টিউশান ফি-এর ওপরেই মিলবে। টিউশান ফি বাদে অন্যান্য সমস্ত ফি প্রার্থীকেই প্রদান করতে হবে।</p>  |
| <p>6.2</p> | <p><b>টি এফ ডব্লিউ স্কিমের অধীনে আসনপ্রাপ্তদের জন্য ইনকাম সার্টিফিকেট দাখিল</b></p> <p>a) এই স্কিমের অধীনে বিবেচিত হতে গেলে এই তথ্যপুস্তিকার পরিশিষ্ট-4 -এ উল্লেখমতো বয়ানে ইনকাম সার্টিফিকেট দাখিল করতে হবে।</p> <p>b) এই ধরনের আসনে ভর্তির দাবি জানানো পড়ুয়াদের অবশ্যই নিচের তালিকাভুক্ত উপযুক্ত কর্তৃপক্ষ দ্বারা শংসিত ও প্রদেয় প্রযোজ্যমতো শংসাপত্র দাখিল করতে হবে।</p> <p>i.রাজ্য বা কেন্দ্রীয় সরকারের অ্যাসিস্ট্যান্ট সেক্রেটারি বা উর্ধ্বতন পদমর্যাদার কোনও আধিকারিক।</p>  |

|     |   |
|-----|---|
|     | <p>ii. জেলা ম্যাজিস্ট্রেট।</p> <p>iii. অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট।</p> <p>iv. সাব-ডিভিশনাল অফিসার।</p> <p>v. ব্লক ডেভেলপমেন্ট অফিসার।</p> <p><b>বিঃদ্রঃ :</b> নির্বাচিত প্রতিনিধি যেমন: মিউনিসিপাল কমিশনার, মিউনিসিপাল কর্পোরেশন/ মিউনিসিপালিটির কাউন্সিলর, ত্রিস্তরিত পঞ্চায়েতের মেম্বর অথবা GTA, MLA অথবা MP দ্বারা জারি করা ইনকাম সার্টিফিকেট গ্রাহ্য নয়।</p>   |
| 7.0 | <p><b>আইনি এক্তিয়ার</b></p> <p>a) পরীক্ষা ও কাউন্সেলিং সংক্রান্ত সকল বিষয় শুধুমাত্র কলকাতার এক্তিয়ারভুক্ত এলাকায় পড়বে।</p> <p>b) বোর্ড ভর্তি প্রক্রিয়ায় উদ্ভূত কোন বিতর্কের জন্য দায়ী থাকবে না।</p> <p>c) বোর্ড কেবলমাত্র কোন প্রার্থীর নিজস্ব র‍্যাঙ্ক/ স্ট্যাটাস ইত্যাদি তাকেই প্রদান করবে। এজন্য তাকে ব্যক্তিগত ভাবে বোর্ডে যোগাযোগ করতে হবে। বোর্ড কখনই কোন প্রার্থীকে অন্য প্রার্থীর দাখিল কোন তথ্য সরবরাহ করবে না।</p>  |
| 8.0 | <p><b>আবেদনপত্র জমা ও পরীক্ষার ফী দেওয়ার পদ্ধতি</b></p>  |
| 8.1 | <p><b>রেজিস্ট্রেশন</b></p> <p>a) ব্যক্তিগত বিবরণ যেমন: নাম, পিতার নাম, মাতার নাম, জন্ম তারিখ, লিঙ্গ, আইডি নম্বর, ডোমিসাইল, মোবাইল নম্বর, ইমেইল আইডি ইত্যাদি প্রার্থী লিপিবদ্ধ করবে।</p> <p>b) নাম, পিতার নাম, মাতার নাম, জন্ম তারিখ, লিঙ্গ এবং ডোমিসাইল লেখার করার সময় প্রার্থীদের সতর্ক থাকতে হবে। এই তথ্যগুলি কোন পরিস্থিতিতেই পরিবর্তন/ সংশোধন করা যাবে না।</p> <p>c) তারপর প্রার্থীকে পাসওয়ার্ড তৈরি করতে হবে, security question/ answer ঠিক করতে হবে, সমস্ত তথ্য পুনরায় দেখে নিতে হবে এবং রেজিস্ট্রেশন করতে হবে।</p> <p>d) প্রার্থী সঙ্গে সঙ্গে কম্পিউটারের তার অ্যাপ্লিকেশন নম্বর দেখতে পাবে। এছাড়াও, প্রার্থীর কাছে এসএমএস/ ইমেইল পৌঁছে যাবে।</p> <p>e) প্রার্থীকে অবশ্যই তার অ্যাপ্লিকেশন নম্বর, পাসওয়ার্ড এবং security question/ answer মনে রাখতে হবে। যদি প্রার্থী পাসওয়ার্ড ভুলে যান, তাহলে তাকে “ফরগট পাসওয়ার্ড” অপশনের মাধ্যমে এটি পুনরুদ্ধার করতে হবে। <b>পাসওয়ার্ড পুনরুদ্ধার করার আর কোন পদ্ধতি নেই।</b></p> <p>f) পাসওয়ার্ড জানা না থাকলে কোন ব্যক্তি/ সংস্থার পক্ষে কোন তথ্য পরিবর্তন/ সংশোধন করা সম্ভব নয়। তাই কারো সাথে প্রার্থীদের তাদের পাসওয়ার্ড বিনিময় করা উচিত নয়। পাসওয়ার্ড বিনিময় করা/ প্রকাশ করার ফলে কোন <b>অঘটনের</b> জন্য বোর্ড দায়ী হবে না।</p> |
| 8.2 | <p><b>অ্যাপ্লিকেশন ফর্ম ফিলাপ</b></p> <p>a) এই পর্যায়ে প্রার্থীকে অন্যান্য তথ্য যেমন: ডোমিসাইল, ক্যাটাগোরী, পি ডব্লিউ ডি স্ট্যাটাস, পারিবারিক আয়ের অবস্থা, ধর্ম, জাতীয়তা, একাডেমিক বিবরণ ইত্যাদি পূরণ করতে হবে।</p> <p>b) যদি কোন প্রার্থী JEE(Main)2023 -তে ও আবেদন করে, তাহলে তাকে তার JEE(Main)2023 -এর অ্যাপ্লিকেশন নম্বর দিতে হবে।</p> <p>c) এরপর প্রার্থীকে তার পছন্দমত পরীক্ষা কেন্দ্রের এলাকা বেছে নিতে হবে এবং আবেদনপত্র দাখিল করতে হবে।</p>  |
| 8.3 | <p><b>ছবি আপলোড করা</b></p> <p>a) প্রার্থীকে তার সাম্প্রতিক রঙিন ছবি (১০ থেকে ২০০ কেবি) এবং স্বাক্ষর (৪ থেকে ৩০ কেবি) এর (জেপিজি/ জেপিইজি ফরম্যাট) ছবি আপলোড করতে হবে।</p>  |

|      |  |
|------|--|
|      | <p>b) যদি কোন ডকুমেন্ট যেমন: সার্টিফিকেট/ মার্কশিট ইত্যাদি আপলোড করতে হয়, এটি অবশ্যই পিডিএফ ফরম্যাটে করতে হবে (৫০ থেকে ৩০০ কেবি)।</p> <p>c) প্রার্থীর ছবি এবং স্বাক্ষর একসাথে আপলোড করতে হবে।</p>   |
| 8.4  | <p><b>পরীক্ষার ফী</b></p> <p>a) পরীক্ষার ফী শুধুমাত্র নেট ব্যাঙ্কিং/ ডেবিট কার্ড/ ক্রেডিট কার্ড/ UPI দ্বারা দেওয়া হবে।</p> <p>b) এসসি/ এসটি/ ওবিসি-এ/ ওবিসি-বি প্রার্থীদের জন্য আবেদন ফী ৪০০/- টাকা (চার শত টাকা মাত্র) এবং অন্যান্য প্রার্থীদের জন্য ৫০০/- টাকা (পাঁচ শত টাকা মাত্র) প্রযোজ্য।</p> <p>c) এসসি/ এসটি/ ওবিসি-এ/ ওবিসি-বি/ টি এফ ডব্লিউ প্রার্থীদের তার সংশ্লিষ্ট ক্যাটাগোরী সার্টিফিকেটটি কাউন্সিলিং-এর সময় আপলোড করতে হবে তবে সে ছাড় পাবে অন্যথায় প্রার্থীর প্রার্থীপদ বাতিল হয়ে যাবে।</p> <p>d) একবার দেওয়া ফী কোন পরিস্থিতিতে ফেরত যোগ্য নয়।</p>  |
| 8.5  | <p><b>কনফার্মেশন পেজ</b></p> <p>উপরোক্ত সকল পদক্ষেপ সফলভাবে সম্পন্ন হলে, প্রার্থী 'কনফার্মেশন পেজ ডাউনলোড করতে পারবে যার মানে অ্যাপ্লিকেশনটি সম্পূর্ণ হয়েছে। কনফার্মেশন পেজ তৈরি না হওয়া পর্যন্ত অ্যাপ্লিকেশনটি সম্পূর্ণ হবে না।</p>   |
| 8.6  | <p><b>আবেদনপত্র সংশোধন</b></p> <p>a) কোন প্রাথমিক রেজিস্ট্রেশন ডাটা তথ্য যেমন: নাম, পিতার নাম, মাতার নাম, লিঙ্গ, ডোমিসাইল এবং জন্ম তারিখ সংশোধন করা যাবে না।</p> <p>b) যদি কোন প্রার্থী তার আবেদনে অন্য কোন তথ্য সংশোধন করতে চান, তাহলে তিনি প্রদত্ত কারেকশান পিরিয়ডে লগ ইন করার পর তা করতে পারেন। কারেকশান পিরিয়ডের বাইরে কোন পরিস্থিতিতে কোন সংশোধনের জন্য কোন অনুরোধ নেওয়া হবে না। এছাড়াও, বোর্ড কোন প্রার্থীর হয়ে সংশোধন করবে না।</p>   |
| 9.0  | <p><b>অ্যাডমিট কার্ড</b></p> <p>a) প্রার্থীগণ কবে থেকে তার অ্যাডমিট কার্ড ডাউনলোড করতে পারবে এবং তার প্রিন্ট নিতে পারবে তা বিজ্ঞপ্তি জারি করে জানিয়ে দেওয়া হবে। প্রার্থীকে অবশ্যই পরীক্ষাকেন্দ্রে অ্যাডমিট কার্ডের একটি প্রিন্টেড কপি নিয়ে যেতে হবে।</p> <p>b) পরীক্ষার দিন প্রার্থীদের নিশ্চিত করতে হবে, যে অ্যাডমিট কার্ড বিকৃত/ ক্ষতিগ্রস্ত/ অস্পষ্ট নয়। এই ধরনের বিকৃত/ ক্ষতিগ্রস্ত/ অস্পষ্ট অ্যাডমিট কার্ড নিয়ে প্রার্থীদের পরীক্ষায় বসতে দেওয়া হবে না।</p>  |
| 10.0 | <p><b>পরীক্ষা কেন্দ্র বরাদ্দ</b></p> <p>a) অনলাইনে আবেদনের সময় প্রার্থীর পছন্দের উপর ভিত্তি করে পরীক্ষা কেন্দ্র বরাদ্দ করা হবে। অনিবার্য পরিস্থিতির কারণে যেকোন প্রার্থীর পছন্দের বাইরেও পরীক্ষা কেন্দ্র বরাদ্দ হতে পারে। যাইহোক, পরীক্ষা কেন্দ্র বরাদ্দ বোর্ডের বিবেচনা অনুযায়ী চূড়ান্ত হবে। বরাদ্দ কৃত কেন্দ্র পরিবর্তনের জন্য কোন অনুরোধ কোন পরিস্থিতিতে বিবেচনা করা হবে না। <b>পরিশিষ্ট - ৯</b> এ জেলা ভিত্তিক পরীক্ষা এলাকার তালিকা দেওয়া হল।</p> <p>b) যদি পর্যাপ্ত সংখ্যক প্রার্থী না পাওয়া যায় অথবা কোন অনিবার্য পরিস্থিতিতে যে কোন পরীক্ষা অঞ্চল বাদ দেওয়া হয়, সেক্ষেত্রে প্রার্থীকে বিকল্প পরীক্ষা অঞ্চল বরাদ্দ করা হবে।</p> |
| 11.0 | <p><b>মূল্যায়ন ও ফলাফল ঘোষণা</b></p> <p>a) পরীক্ষা শেষ হওয়ার কিছুদিনের মধ্যেই সংক্ষিপ্ত সময়ের জন্য "মডেল আনসার কি" বোর্ডের</p>  |

|             |  |
|-------------|--|
|             | <p>ওয়েব সাইটে উপলব্ধ থাকবে। প্রার্থীরা লগইন করে "মডেল আনসার কি" দেখতে পারবে।</p> <p>b) এছাড়াও প্রার্থীরা প্রকাশিত যেকোন "মডেল আনসার কি" -র জন্য আপত্তি (চ্যালেঞ্জ) জানাতে পারে, তার জন্য তাকে প্রতি প্রশ্নের জন্য ৫০০/- টাকা (পাঁচ শত টাকা মাত্র) ফী দিতে হবে। যদি ব্যাঙ্ক সার্ভিস চার্জ থাকে তবে তা অতিরিক্ত ভাবে দিতে হবে।</p> <p>c) বোর্ড আপত্তি (চ্যালেঞ্জ) গুলি যাচাই করবে এবং "ফাইনাল আনসার কি" প্রকাশ করবে। এই বিষয় বোর্ডের সিদ্ধান্তই নির্ণায়ক হবে এবং আর কোন অনুরোধ বিবেচনা করা হবে না।</p> <p>d) পরীক্ষা সম্পন্ন হওয়ার এক সপ্তাহ (সম্ভাব্য) পর কিছু দিনের জন্য উত্তরপত্রের ছবি (OMR) এবং মেশিনে পড়া উত্তরের (machine read responses) ছবি বোর্ডের ওয়েবসাইটে পাওয়া যাবে। প্রার্থী নিজের পাসওয়ার্ড দিয়ে লগইন করে তার উত্তরপত্র (OMR)এবং মেশিনে পড়া উত্তরের ছবি দেখতে পারবে। প্রার্থী OMR টি ডাউনলোড এবং সংরক্ষিত করে রাখতে পারে। যদিও বোর্ডের ওয়েবসাইটে বিজ্ঞাপিত সময়ের জন্য রেকর্ড/ তথ্য/ নথিপত্র সংরক্ষিত থাকবে।</p> <p>e) কোন প্রার্থী, উত্তরের স্ক্যান করা ছবির প্রতিলিপি নিয়ে সন্তুষ্ট না হলে আপত্তি (চ্যালেঞ্জ) জানাতে পারে, তার জন্য তাকে প্রতি প্রশ্নের জন্য ৫০০/- টাকা (পাঁচ শত টাকা মাত্র) ফী দিতে হবে। যদি ব্যাঙ্ক সার্ভিস চার্জ থাকে তবে তা অতিরিক্ত ভাবে দিতে হবে।</p> <p>f) কোনও আপত্তি গৃহীত হলে এই বোর্ড তা পর্যালোচনার পর চূড়ান্ত এবং অন্তিম সিদ্ধান্ত জানাবে। এ ব্যাপারে বোর্ডের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে এবং এই সংক্রান্ত ব্যাপারে পরবর্তীতে আর কোনও যোগাযোগ গ্রাহ্য করা হবে না।</p> <p>g) অনলাইন পদ্ধতি ছাড়া চিঠি, ফ্যাক্স, ইমেল, টেলিফোনের মাধ্যমে আপত্তির আবেদন করলে তা কোনওভাবেই গ্রহণ বা বিবেচনা করা হবে না।</p> <p>h) ফলাফল প্রকাশিত হয় র‍্যাঙ্ক কার্ড এর মাধ্যমে, যেটাতে প্রার্থীর প্রাসঙ্গিক র‍্যাঙ্ক ও প্রথম পত্র (গণিত) এবং দ্বিতীয় পত্রে (পদার্থবিদ্যা এবং রসায়ন) প্রাপ্ত মোট নম্বর দেওয়া থাকবে। প্রার্থীরা তাদের পাসওয়ার্ড দিয়ে লগ ইন করে তাদের র‍্যাঙ্ক কার্ড দেখতে এবং তা ডাউনলোড করতে পারবে। প্রত্যেক প্রার্থীর গোপনীয়তা নিশ্চিত করার জন্য বোর্ড কখনোই র‍্যাঙ্ক লিস্ট প্রকাশ্যে প্রকাশিত করে না।</p> <p>i) যে সমস্ত প্রার্থীরা WBJEE-2023 পরীক্ষায় বসবে, তারাই স্কোরের সহিত র‍্যাঙ্ক কার্ড পাবে। কিন্তু সকল পরীক্ষার্থী র‍্যাঙ্ক না ও পেতে পারে এবং সেক্ষেত্রে পরীক্ষার্থী সেই কাউন্সেলিং এর জন্য যোগ্য নন, যার জন্য একটি কাট অফ র‍্যাঙ্ক এবং/ অথবা কাট অফ স্কোর নির্ধারণ করা হবে।</p> <p>j) যদি কোন প্রার্থীর প্রাপ্ত স্কোরের উপর কোন অভিযোগ থাকে, তবে রেজাল্ট বেরানোর ২৪ ঘন্টার মধ্যে সে OMR-এর কপি, র‍্যাঙ্ক কার্ড, প্রশ্ন পত্রের নম্বর এবং ইহার সিরিজ কোড, প্রশ্ন পত্র অনুযায়ী গণনা করা স্কোর ইত্যাদি সহ ইমেইল (info@wbjeeb.in) এর মাধ্যমে তার অভিযোগ জানাতে পারে। যদি কোন প্রার্থী উপস্থিত হয়ে অভিযোগ জানাতে চায়, তাহলে তাকে রেজাল্ট বার হওয়ার পরের দিন দুপুর ১২ টার মধ্যে বোর্ড অফিসে উপস্থিত হতে হবে। বোর্ড অন্য কোন ভাবেই অভিযোগ গ্রহণ করবে না।</p> <p>k) মেশিনে পড়া উত্তরসম্পন্ন এবং প্রকাশিত সমাধানসম্পন্ন ব্যবহার করে একজন পরীক্ষার্থী নিজস্ব স্কোর গণনা করতে পারবে। কোনও প্রার্থী যদি এই বোর্ডের থেকে ক্যালকুলেশন শিটের প্রয়োজন হয়, তাহলে তাকে প্রতিটি পেপারের জন্য ৫০০/- হারে ওপরে নির্ধারিত উপায়ে ডিমান্ড ড্রাফট -এর মাধ্যমে জমা দিতে হবে। তবে, এই সুবিধা রেজাল্ট বার হবার কেবলমাত্র ৬০ দিন পর্যন্ত অথবা কাউন্সিলিং শেষ হওয়া পর্যন্তই উপলব্ধ থাকবে।</p> |
| <p>12.0</p> | <p><b>নথি সংক্রান্ত সাধারণ নিয়মাবলী</b></p> <p>a) যখনই এবং যেখানেই প্রার্থীকে নথি দাখিল করতে হলে যেমন: কনফার্মেশন পেজ, অ্যাডমিট কাড, র‍্যাঙ্ক কার্ড/ কাষ্ট/ ক্যাটাগোরী/ ডোমিসাইল/ ইনকাম সার্টিফিকেট ইত্যাদি, তাকে অবশ্যই তার আসল নথি দাখিল করতে হবে। পোর্টাল দ্বারা উৎপন্ন হওয়া তথ্য অবশ্যই "প্রিন্ট" নামক</p>   |

|      |   |
|------|---|
|      | <p>যে লিঙ্কটি দেওয়া হবে তার মাধ্যমে প্রিন্ট নিতে হবে। বৈধ নথি হিসাবে স্ক্রিন সর্ট, স্ক্রিনের ফটোগ্রাফ, মোবাইলে তোলা ফোটো ইত্যাদি গ্রহণ যোগ্য নয়।</p> <p>b) প্রার্থী দ্বারা অনলাইন অ্যাপ্লিকেশনের সময় দেওয়া কিছু ব্যক্তিগত তথ্য কনফার্মেশন পেজ, অ্যাডমিট কাড, র্যাঙ্ক কার্ড ইত্যাদিতে ধারণ থাকে। যেমন, প্রার্থী দ্বারা কোন ভুল তথ্য দেওয়া হলে তার জন্য কোন ভাবেই বোর্ড দায়ী থাকবে না।</p> <p>c) ভর্তি/ কাউন্সেলিং -এর সময়ে বরাদ্দকৃত প্রতিষ্ঠান দ্বারা প্রার্থীর সমস্ত তথ্য/ নথি যাচাই করা হবে। প্রার্থীর নিজস্ব তথ্য যা কনফার্মেশন পেজ, অ্যাডমিট কার্ড বা র্যাঙ্ক কার্ডে আছে সেগুলি বোর্ড দ্বারা স্বীকৃত বা অনুমোদিত বলে ভাবলে চলবে না।</p> <p>d) যদি কোন প্রার্থী ভর্তির সময় কোন ইনস্টিটিউটে কোন সমস্যার সম্মুখীন হয় অথবা নিজের ভুল তথ্য দেয় তাহলে বোর্ড কোন প্রকার সাহায্য করতে পারবে না। সেক্ষেত্রে প্রার্থী নিজস্ব ব্যবস্থা নিতে পারে ইনস্টিটিউটে বিরুদ্ধে যেখানে সে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করেছে।</p> <p>e) পরীক্ষার পরে কোনরূপ কনফার্মেশন পেজ, অ্যাডমিট কাড ডাউনলোড করা যাবে না। কাউন্সেলিং প্রক্রিয়া শেষ হওয়ার পর প্রার্থী র্যাঙ্ক কার্ড এবং OMR ইমেজ ডাউনলোড করতে পারবে না। সেক্ষেত্রে প্রার্থীকে সমস্ত তথ্য নিরাপদে রাখতে হবে।</p> <p>f) যদি, কোন প্রার্থীর ডুপ্লিকেট কোন নথির প্রয়োজন হয়, তাহলে তা বোর্ড দ্বারা প্রদান করা হয়, এই সুবিধা পাওয়া যাবে ফলাফল ঘোষণার ৬০ দিনের মধ্যে অথবা কাউন্সেলিং শেষ হওয়া পর্যন্ত, যেটা পরবর্তীতে অনুষ্ঠিত হবে। ডুপ্লিকেট নথি পাওয়ার জন্য প্রার্থীকে কলকাতায় “ওয়েস্ট বেঙ্গল জয়েন্ট এন্ট্রান্স এক্সামিনেশন বোর্ডের” নামে একটি ৫০০/- টাকার ব্যাংক ড্রাফট সহ আবেদন করতে হবে।</p> |
| 13.0 | <p><b>কাউন্সেলিং/ সীট বরাদ্দ এবং ভর্তি</b></p> <p>a) ফলাফল প্রকাশের পর কাউন্সেলিং ও ভর্তির বিস্তারিত বিবরণ সহ একটি পৃথক বিজ্ঞপ্তি ওয়েবসাইটে প্রকাশ করা হবে।</p> <p>b) কোর্স ভিত্তিক এবং ইনস্টিটিউট ভিত্তিক আসনের প্রাপ্যতা কাউন্সেলিং এবং আসন বরাদ্দের আগে প্রকাশ করা হবে।</p>   |



**PROFORMA a1**

**Residential/Domicile Certificate for candidates residing in the State of West Bengal continuously for at least last ten (10) years as on 31.12.2022**

Certified that \_\_\_\_\_

Son / daughter of \_\_\_\_\_ is a  
resident/permanent resident of West Bengal at Village/House No. \_\_\_\_\_

Street \_\_\_\_\_

Post Office \_\_\_\_\_ Police Station \_\_\_\_\_

In the District of \_\_\_\_\_ under \_\_\_\_\_

Assembly Constituency and has been living in the State of West Bengal continuously/ uninterruptedly at least for the last ten (10) years as on 31-12-2022.

Paste 4 cmx3 cm  
size recent  
colour  
photograph in  
this box. Photo  
must be attested  
by the certifying  
authority

Candidate's signature

**Candidate must sign here in front of the  
certifying authority**

**(Candidate's photograph)**

Signature of Certifying Authority \_\_\_\_\_

Full Name of Certifying Authority (Block letters) \_\_\_\_\_

Designation with Official Seal \_\_\_\_\_

Office Address \_\_\_\_\_

Office Phone No. \_\_\_\_\_ Mobile No: \_\_\_\_\_ (optional)

ID No: \_\_\_\_\_ (optional)

*Note: Photograph is to be attested by the certifying authority.*

*The Certifying Authority may preserve a duplicate copy of this Certificate as record.*

**PROFORMA a2****Residential/Domicile Certificate for candidates residing in the State of West Bengal continuously for at least last ten (10) years as on 31.12.2022**

Certified that \_\_\_\_\_ son / daughter of \_\_\_\_\_ has passed the '10+2' Examination in theyear \_\_\_\_/ will appear in the Final '10+2' Examination in 2023 from this Institution.

It is also certified that the student is a resident/permanent resident of West Bengal atVillage/House No. \_\_\_\_\_

Street \_\_\_\_\_ Post Office \_\_\_\_\_

Police Station \_\_\_\_\_ in the district of \_\_\_\_\_

under \_\_\_\_\_ Assembly Constituency and has been living and studying in the State of West Bengal continuously / uninterruptedly at least for the last ten (10) years as on 31-12-2022.

Paste 4 cmx3 cm size recent colour photograph in this box. Photo must be attested by the certifying authority

Candidate's signature

**Candidate must sign here in front of the certifying authority**

**(Candidate's photograph)**

Signature of Certifying Authority \_\_\_\_\_

Full Name of Certifying Authority (Block Letter) \_\_\_\_\_

Designation with Official Seal \_\_\_\_\_

Office Address \_\_\_\_\_

Office Phone No. \_\_\_\_\_ Mobile No: \_\_\_\_\_ (optional)

ID No: \_\_\_\_\_ (optional)

*Note: Photograph is to be attested by the certifying authority.*

*The Certifying Authority may preserve a duplicate copy of this Certificate as record.*

**PROFORMA b**

**Residential/Domicile Certificate for candidates not residing in the State of West Bengal but whose parent(s) is (are) permanent resident(s) of West Bengal having their permanent home address within West Bengal**

Certified that \_\_\_\_\_

Father/ mother of \_\_\_\_\_ (the applicant) is/  
are permanent Resident of West Bengal at Village/House No. \_\_\_\_\_

Street \_\_\_\_\_

Post Office \_\_\_\_\_ Police Station \_\_\_\_\_

In the District of \_\_\_\_\_

Under \_\_\_\_\_ Assembly Constituency

Paste 4 cmx3 cm  
size recent colour  
photograph of the  
candidate in this  
box. Photo must  
be attested by the  
certifying  
authority

Paste 4 cmx3 cm  
size recent colour  
photograph of  
father/ mother of  
the candidate in  
this box. Photo  
must be attested  
by the certifying  
authority

Father's/ Mother's Signature

Candidate's Signature

**Candidate must sign here in  
front of the certifying  
authority**

**(Candidate's Photograph) (Father's/ Mother's Photograph)**

Signature of Certifying Authority \_\_\_\_\_

Full Name of Certifying Authority (Block Letter) \_\_\_\_\_

Designation with Official Seal \_\_\_\_\_

Office Address \_\_\_\_\_

Office Phone No. \_\_\_\_\_ Mobile No: \_\_\_\_\_ (optional)

ID No: \_\_\_\_\_ (optional)

*Note: Photographs are to be attested by the certifying authority.*

*The Certifying Authority may preserve a duplicate copy of this Certificate as record.*

পরিশিষ্ট - ৪

**Proforma for Income Certificate**

Certified that the TOTAL ANNUAL FAMILY INCOME FROM ALL SOURCES of  
 \_\_\_\_\_ GUARDIAN \_\_\_\_\_, guardian \_\_\_\_\_ CANDIDATE \_\_\_\_\_  
 residing at \_\_\_\_\_ Post Office \_\_\_\_\_  
 Police Station \_\_\_\_\_ in the district of \_\_\_\_\_  
 in the state of West Bengal for the financial year 2022-2023 is less than Rs. 2.50 lakhs  
 (Rupees two lakhs and fifty thousand only) and stands at Rs. \_\_\_\_\_ (Rupees  
 \_\_\_\_\_).

Paste 4 cmx3 cm  
size recent colour  
photograph of the  
candidate in this  
box. Photo must  
be attested by the  
certifying  
authority

Candidate's signature

**Candidate must sign here in front of the  
certifying**

**(Candidate's Photograph)**

Signature of Certifying Authority \_\_\_\_\_

Full Name of Certifying Authority (Block Letter) \_\_\_\_\_

Designation with Official Seal \_\_\_\_\_

Office Address \_\_\_\_\_

Office Phone No. \_\_\_\_\_ Mobile No: \_\_\_\_\_ (optional)

ID No: \_\_\_\_\_ (optional)

*Note: Photographs are to be attested by the certifying authority.  
The Certifying Authority may preserve a duplicate copy of this Certificate as  
record.*

পরিশিষ্ট - ৫

**Certificate regarding physical limitation in a examinee to write**

This is to certify that, I have examined Mr/Ms/Mrs \_\_\_\_\_ (name of the candidate with disability), a person with \_\_\_\_\_ (nature and percentage of disability as mentioned in the certificate of disability), S/o/ D/o \_\_\_\_\_, a resident of \_\_\_\_\_ (Village/District/State) and to state that he/she has physical limitation which hampers his/her writing capabilities owing to his/her disability.

Signature

Chief Medical Officer/Medical Superintendent of a Government health care institution

Name & Designation:

Name of Government Hospital/Health Care Centre with Seal:

Place:

Date:

**Note:**

Certificate should be given by a specialist of the relevant stream/disability (e.g., Visual impairment - Ophthalmologist, Locomotor disability- Orthopaedic specialist/ PMR)

পরিশিষ্ট - ৬

### Letter of Undertaking for Using Own Scribe

I \_\_\_\_\_, a  
candidate with \_\_\_\_\_ (name  
of the disability) appearing for the \_\_\_\_\_ (name  
of the examination) bearing Roll No. \_\_\_\_\_ at  
\_\_\_\_\_ (name  
of the centre) in the District \_\_\_\_\_, \_\_\_\_\_ (name  
of the State). My qualification is \_\_\_\_\_.

I do hereby state that \_\_\_\_\_ (name  
of the scribe) will provide the service of scribe/reader/lab assistant for the undersigned for  
taking the aforesaid examination.

I do hereby undertake that his qualification is \_\_\_\_\_.  
In case, subsequently it is found that his qualification is not as declared by the undersigned and  
is beyond my qualification, I shall forfeit my right to the admission and claims relating thereto.

(Signature of the candidate with Disability)

Place:

Date:

**Syllabus for WBJEE-2023****পরিশিষ্ট - ৭****MATHEMATICS****Algebra**

A.P., G.P., H.P.: Definitions of A. P. and G.P.; General term; Summation of first n-terms of series  $\sum n$ ,  $\sum n^2$ ,  $\sum n^3$ ; Arithmetic/Geometric series, A.M., G.M. and their relation; Infinite G.P. series and its sum.

Logarithms: Definition; General properties; Change of base.

Complex Numbers: Definition in terms of ordered pair of real numbers and properties of complex numbers; Complex conjugate; Triangle inequality; amplitude of complex numbers and its properties; Square root of complex numbers; Cube roots of unity; De Moivre's theorem (statement only) and its elementary applications. Solution of quadratic equation in complex number system.

Polynomial equation: nth degree equation has exactly n roots (statement only); Quadratic Equations: Quadratic equations with real coefficients; Relations between roots and coefficients; Nature of roots; Formation of a quadratic equation, sign and magnitude of the quadratic expression  $ax^2 + bx + c$  (where a, b, c arational numbers and  $a \neq 0$ ).

Permutation and combination: Permutation of n different things taken r at a time ( $r \leq n$ ). Permutation of n things not all different. Permutation with repetitions (circular permutation excluded). Combinations of n different things taken r at a time ( $r \leq n$ ). Combination of n things not all different. Basic properties. Problems involving both permutations and combinations.

Principle of mathematical induction: Statement of the principle, proof by induction for the sum of squares, sum of cubes of first n natural numbers, divisibility properties like  $2^{2n} - 1$  is divisible by 3 ( $n \geq 1$ ), 7 divides  $3^{2n+1} + 2^{n+2}$  ( $n \geq 1$ )

Binomial theorem (positive integral index): Statement of the theorem, general term, middle term, equidistant terms, properties of binomial coefficients.

Matrices: Concepts of  $m \times n$  ( $m \leq 3, n \leq 3$ ) real matrices, operations of addition, scalar multiplication and multiplication of matrices. Transpose of a matrix. Determinant of a square matrix. Properties of determinants (statement only). Minor, cofactor and adjoint of a matrix. Non-singular matrix. Inverse of a matrix. Finding area of a triangle. Solutions of system of linear equations. (Not more than 3 variables).

Sets, Relations and Mappings: Idea of sets, subsets, power set, complement, union, intersection and difference of sets, Venn diagram, De Morgan's Laws, Inclusion / Exclusion formula for two or three finite sets, Cartesian product of sets.

Relation and its properties. Equivalence relation — definition and elementary examples, mappings, range and domain, injective, surjective and bijective mappings, composition of mappings, inverse of a mapping.

Statistics and Probability:

Measure of dispersion, mean, variance and standard deviation, frequency distribution. Addition and multiplication rules of probability, conditional probability and Bayes' Theorem, independence of events, repeated independent trails and Binomial distribution.

**Trigonometry**

Trigonometric functions, addition and subtraction formulae, formulae involving multiple and submultiple angles, general solution of trigonometric equations. Properties of triangles, inverse trigonometric functions and their properties.

**Coordinate geometry of two dimensions**

Distance formula, section formula, area of a triangle, condition of collinearity of three points in a plane. Polar co-ordinates, transformation from Cartesian to polar coordinates and vice versa. Parallel transformation of axes.

Concept of locus, locus problems involving all geometrical configurations,

Slope of a line. Equation of lines in different forms, angle between two lines. Condition of perpendicularity and parallelism of two lines. Distance of a point from a line. Distance between two parallel lines. Lines through the point of intersection of two lines. Angle bisector

Equation of a circle with a given center and radius. Condition that a general equation of second degree in  $x$ ,  $y$  may represent a circle. Equation of a circle in terms of endpoints of a diameter. Equation of tangent, normal and chord. Parametric equation of a circle. Intersection of a line with a circle. Equation of common chord of two intersecting circles.

Definition of conic section, Directrix, Focus and Eccentricity, classification based on eccentricity. Equation of Parabola, Ellipse and Hyperbola in standard form, their foci, directrices, eccentricities and parametric equations.

### Co-ordinate geometry of three dimensions

Direction cosines and direction ratios, distance between two points and section formula, equation of a straight line, equation of a plane, distance of a point from a plane.

### Calculus

Differential calculus: Functions, domain and range set of functions, composition of two functions and inverse of a function, limit, continuity, derivative, chain rule and derivative of functions in various forms. Concept of differential.

Rolle's Theorem and Lagrange's Mean Value theorem (statement only). Their geometric interpretation and elementary application. L'Hospital's rule (statement only) and applications. Second order derivative.

Integral calculus: Integration as a reverse process of differentiation, indefinite integral of standard functions. Integration by parts. Integration by substitution and partial fraction.

Definite integral as a limit of a sum with equal subdivisions. Fundamental theorem of integral calculus and its applications. Properties of definite integrals.

Differential Equations: Formation of ordinary differential equations, solution of homogeneous differential equations, separation of variables method, linear first order differential equations.

Application of Calculus: Tangents and normals, conditions of tangency. Determination of monotonicity, maxima and minima. Differential coefficient as a measure of rate. Motion in a straight line with constant acceleration. Geometric interpretation of definite integral as area, calculation of area bounded by elementary curves and Straight lines. Area of the region included between two elementary curves.

Vectors: Addition of vectors, scalar multiplication, dot and cross products, scalar triple product.

## PHYSICS

**Physical World, Measurements, Units & dimensions:** Physical World, Measurements, Units & dimensions Units & Dimensions of physical quantities, dimensional analysis & its applications, error in measurements, significant figures.

**Kinematics:** Scalars & vectors, representation of vectors in 3D, dot & cross product & their applications, elementary differential & integral calculus, time-velocity & relevant graphs, equations of motion with uniform acceleration.

**Laws of motion:** Newton's laws of motion, using algebra & calculus, inertial & non inertial frames, conservation of linear momentum with applications, elastic & inelastic collisions, impulse centripetal force, banking of roads, relative velocity, projectile motion & uniform circular motion Work, power, energy: Work, power, energy Work, work-energy theorem, power, energy, work done by constant & variable forces, PE & KE, conservation of mechanical energy, conservative and nonconservative forces, PE of a spring,



Motion of centre of mass, connected systems, Friction: Centre of mass of two-particle system, motion of connected system, torque, equilibrium of rigid bodies, moments of inertia of simple geometric bodies (2D) [without derivation] conservation of angular momentum, friction and laws of friction.

Gravitation: Kepler's laws, (only statement) universal law of gravitation, acceleration due to gravity ( $g$ ), variation of  $g$ , gravitational potential & PE, escape velocity, orbital velocity of satellites, geostationary orbits.

Bulk properties of matter: Elasticity, Hooke's law, Young's modulus, bulk modulus, shear, rigidity modulus, Poisson's ratio elastic potential energy. Fluid pressure: Pressure due to a fluid column, buoyancy, Pascal's law, effect of gravity on fluid pressure. Surface tension: Surface energy, phenomena involving surface tension, angle of contact, capillary rise,

